# ভাইব কোডিং

কোডিং না জেনেও এআই দিয়ে
ওয়েবসাইট, ল্যান্ডিং পেইজ
বানানোর সহজ গাইডবুক

# ভাইব কোডিং

কোডিং না জেনেও এআই দিয়ে অ্যাপ বানানোর সহজ গাইড

(Updated Edition)

**সম্পাদনা: আহমেদ আব্দুল্লাহ**

প্রথম প্রকাশ: মার্চ, ২০২৬

প্রকাশক: তানজিন নাহিদা রফিক

ডিজাইন : মো. আর রাহী তাহসান

**শেহজীন পাবলিকেশনস্**

২০২/ডি, হাজী সলিমউদ্দিন লেন

মধ্য বাড্ডা, ঢাকা-৬২৬২

# TABLE OF contents


01 শুরু করার প্রস্তুতি — ভয়ের দিন শেষ! 14

02 এআই-এর ভাষা শেখা (Prompt Engineering & Master Documentation) 20

03 প্রজেক্ট ১ — নিজের পোর্টফোলিও সাইট (১৫ মিনিটে) 27

04 প্রজেক্ট ২ — ল্যান্ডিং পেইজ ও ফ্রি হোস্টিং (The Zero Cost Startup) 36

05 প্রজেক্ট ৩ — ফান প্রজেক্ট: দ্য ভাইব অ্যাপ 46

TABLE OF contents


06 প্রজেক্ট ৪ — ডায়নামিক অ্যাপ (সোশ্যাল মিডিয়া) 54

07 মোবাইল অ্যাপ ও PWA (ফোন যখন সুপারপাওয়ার) 65

08 সিকিউরিটি ও বাগ ফিক্সিং (Bodyguard & Doctor) 73

09 আর্নিং ও ফিউচার (Money Making & Long-Term Play) 80

# অধ্যায় ১

## শুরু করার প্রস্তুতি — ভয়ের দিন শেষ! (The Setup)


- ১.১ মিশন: ডেভেলপার না, সলিউশন মেকার ........ 15
- ১.২ যুদ্ধ শুরুর আগের প্রস্তুতি ও অস্ত্রশস্ত্র ........ 15
- ১.৩ কার কাজ কী? ........ 16
- ১.৪ সেটআপ: ৫ মিনিটের খেল ........ 17
- ১.৫ মোবাইল ওয়ারিয়র: পিসি নেই? নো টেনশন! ........ 18
- ১.৬ ডোমেইন, হোস্টিং, লোকালহোস্ট ........ 19
- ১.৭ প্রস্তুত তো? ........ 19


# অধ্যায় ২

## এআই-এর ভাষা শেখা (Prompt Engineering & Master Documentation)


- ২.১ বড় আইডিয়া ........ 21
- ২.২ ভাইব সেশন ........ 21
- ২.৩ ম্যাজিক শব্দভাণ্ডার ........ 22
- ২.৪ এআই বস বনাম এআই ইন্টার্ন ........ 23
- ২.৫ প্রম্পটের ৪ স্তম্ভ ........ 24
- ২.৬ মাস্টার ডকুমেন্টেশন ........ 25
- ২.৭ Reverse Engineering ........ 25
- ২.৮ প্রো টিপ ........ 26

# অধ্যায় ৩

## প্রজেক্ট ১ — নিজের পোর্টফোলিও সাইট (১৫ মিনিটে)


- ৩.১ চ্যালেঞ্জ: ১৫ মিনিটে ওয়েবসাইট? ........ 28
- ৩.২ মসলাপাতি জোগাড় ........ 28
- ৩.৩ ChatGPT দিয়ে মাস্টার প্রম্পট বানানো ........ 29
- ৩.৪ Google AI Studio-তে রান্না চড়িয়ে দেওয়া ........ 30
- ৩.৫ Preview, Refine, আর Design Polish ........ 31
- ৩.৬ Download বা Export করে প্রজেক্ট নামানো ........ 33
- ৩.৭ VS Code + Terminal + npm run dev ........ 33
- ৩.৮ Localhost-এ নিজের সাইট প্রথমবার দেখা ........ 34
- ৩.৯ পোর্টফোলিও থেকে Authority ........ 35


# অধ্যায় ৪

## প্রজেক্ট ২ — ল্যান্ডিং পেইজ ও ফ্রি হোস্টিং (The Zero Cost Startup)


- ৪.১ পকেটে টাকা নেই, কিন্তু মাথায় বিজনেস আইডিয়া আছে ........ 37
- ৪.২ একটি সেলস-ড্রিভেন ল্যান্ডিং পেইজে কী কী থাকে ........ 37
- ৪.৩ ChatGPT / Gemini দিয়ে Landing Page Prompt লিখিয়ে নেওয়া ........ 38
- ৪.৪ Google AI Studio-তে কোড জেনারেট করা ........ 40
- ৪.৫ Netlify Drop: Drag, Drop, Live ........ 40
- ৪.৬ Backend ছাড়াই Data Collection ........ 41

৪.৭ Quick Troubleshooting ........ 42
৪.৮ কনভার্শন গেম ........ 44

# অধ্যায় ৫

## প্রজেক্ট ৩ — ফান প্রজেক্ট: দ্য ভাইব অ্যাপ

৫.১ সিরিয়াস কাজ অনেক হলো, এবার একটু ফান ........ 47
৫.২ Idea Selection ........ 47
৫.৩ Static vs Interactive ........ 47
৫.৪ Array, Mood Buckets, Random Output ........ 48
৫.৫ ChatGPT / Gemini দিয়ে সুন্দর প্রম্পট বানানো ........ 49
৫.৬ Google AI Studio-তে Build & Preview ........ 50
৫.৭ নিজের জোকস বসিয়ে Customization ........ 50
৫.৮ এই অধ্যায় থেকে আপনি কী শিখলেন ........ 52

# অধ্যায় ৬

## প্রজেক্ট ৪ — ডায়নামিক অ্যাপ (সোশ্যাল মিডিয়া)

৬.১ Static থেকে Real Dynamic App ........ 55
৬.২ cPanel, PHP, MySQL ........ 56
৬.৩ আগে সিস্টেম ডিজাইন ........ 57
৬.৪ Database Setup: MySQL Database Wizard ........ 58
৬.৫ মডিউলার প্রম্পটিং ........ 59
৬.৬ Backend ও Frontend ফাইল বসানো ........ 61
৬.৭ ছোট্ট সতর্কতা ........ 63
৬.৮ লাইভ Social App ........ 63

# অধ্যায় ৭

## মোবাইল অ্যাপ ও PWA (ফোন যখন সুপারপাওয়ার)


- ৭.১ পিসি নেই? নো প্রবলেম ........ 66
- ৭.২ PWA কী? ........ 66
- ৭.৩ মোবাইলে Prompt Run, Preview, Export ........ 68
- ৭.৪ Netlify-তে Live করা এবং Install করা ........ 70
- ৭.৫ Market-Ready হওয়ার Next Step ........ 72


# অধ্যায় ৮

## সিকিউরিটি ও বাগ ফিক্সিং (Bodyguard & Doctor)


- ৮.১ Bug হলে ভয় পাবেন না ........ 74
- ৮.২ দ্য ডাক্তার ........ 74
- ৮.৩ Error Message কপি করে Prompt দেওয়ার ফর্মুলা ........ 75
- ৮.৪ "ঘরের দরজা খোলা রাখবেন না" ........ 76
- ৮.৫ SQL Injection কী? ........ 76
- ৮.৬ XSS কী? ........ 77
- ৮.৭ শুধু Basic Idea হিসেবে যা মাথায় রাখবেন ........ 77
- ৮.৮ Safe Coding Checklist ........ 79
- ৮.৯ চ্যালেঞ্জ: এআই-কে নিজের বডিগার্ড বানান ........ 79

# অধ্যায় ৯

## আর্নিং ও ফিউচার (Money Making & Long-Term Play)


- ৯.১ ভাইব কোডিং দিয়ে আয় — ফ্যান্টাসি না রিয়েলিটি? ..... 81
- ৯.২ লোকাল হিরো ..... 81
- ৯.৩ টেমপ্লেট ও ডিজিটাল প্রোডাক্ট ..... 82
- ৯.৪ Micro-SaaS ..... 82
- ৯.৫ মাইন্ডসেট শিফট ..... 84
- ৯.৬ Authority + Income: পার্সোনাল ব্র্যান্ড কেন কাজে লাগে? ..... 84
- ৯.৭ ক্যারিয়ার হ্যাক ..... 85
- ৯.৮ ফিউচার ভিশন: ২০৩০ ..... 86
- ৯.৯ শেষ কথা: আপনার পালা ..... 86

# ভূমিকা:

## কাজকী-এর ব্যর্থতা থেকে আমার ভাইব কোডিংয়ে আগ্রহ

আমি সাব্বির আহমেদ। ৩৫ বছর বয়সে এসে আমি এমন একটা বই লিখছি, যেটা লেখার যোগ্যতা আসলে কোনো ডিগ্রি বা সার্টিফিকেট থেকে আসেনি—এসেছে একটা বড় ব্যর্থতা থেকে।

পড়াশোনা করেছি বিবিএ (BBA)-তে, মেজর ছিল মার্কেটিং। কোডিং?

জীবনে কোনোদিন শিখিনি। ২০১৩ সালে BDJobs.com-এ প্রথম চাকরি, বেতন ছিল মাত্র ১০,০০০ টাকা। সেই শুরু থেকে একটু একটু করে ডিজিটাল মার্কেটিং শিখেছি। REVE Systems আর Pathao-র মতো কোম্পানিতে কাজ করেছি, Pathao-তে থাকার সময় প্রায় ১ মিলিয়ন ডলারের অ্যাড স্পেন্ড ম্যানেজ করেছি।

কিন্তু মনের ভেতরে সবসময় একটা আক্ষেপ জ্বলত—"আমি কোডিং পারি না।" ২০১৮ সালে সেই আক্ষেপটা সবচেয়ে কষ্টের জায়গায় এসে আঘাত করল। আমি 'কাজকী' (KajKey.com) নামে একটা ফ্রিল্যান্স মার্কেটপ্লেস বানিয়েছিলাম। ৫০ হাজার ফ্রিল্যান্সার, ১০ হাজার এমপ্লয়ার, বিদেশি ইনভেস্টর—সব মিলিয়ে প্রজেক্টটার ভিত্তি দুর্দান্ত ছিল। কিন্তু আমি বুঝতাম না ডেভেলপাররা কী বানাচ্ছে, আর্কিটেকচার ঠিক আছে কিনা, কোথায় গিয়ে ভুল হচ্ছে। টেকনিক্যাল নলেজের এই ফাঁকটাই একদিন পুরো প্রজেক্টটাকে গিলে নিল।

চোখের সামনে নিজের স্বপ্নটা ডুবে যেতে দেখলাম। কিছু করার ছিল না।

সেই ব্যর্থতা আমাকে যে শিক্ষাটা দিয়েছিল সেটা হলো—একটা ভালো আইডিয়া শুধু আইডিয়া থাকলেই হয় না, সেটাকে বাস্তবে রূপ দেওয়ার ক্ষমতাটাও থাকতে হয়।

কিন্তু সময় বদলেছে। এখন ২০২৬ সাল।
আজ আমি নিজের আইডিয়া দিয়ে ২ ঘণ্টার মধ্যে AI-ড্রিভেন CV Checker ও Resume Builder-এর মতো ডায়নামিক ওয়েব অ্যাপ বানিয়ে ফেলি। সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম বানিয়েছি যেখানে ইউজাররা সাইন-আপ করতে পারে, পোস্ট দিতে পারে, জব পোস্টও করতে পারে। এক লাইন কোডও আমি লিখিনি—আমি শুধু এআই-কে গাইড করেছি।
এটাই হলো ভাইব কোডিং।

## ভাইব কোডিং মানে কী?

ভাইব কোডিং **(Vibe Coding)** মানে হলো—কোডিংয়ের ভাষা না জেনেও, শুধু মানুষের ভাষায় এআই-এর সাথে কথা বলে, নিজের মনের মতো ওয়েবসাইট বা অ্যাপ বানিয়ে ফেলা।

প্রথাগত প্রোগ্রামিংয়ে সিনট্যাক্স মুখস্থ করতে হয়, সেমিকোলন কোথায় বসবে সেটা নিয়ে ঘণ্টার পর ঘণ্টা মাথা খাটাতে হয়। ভাইব কোডিংয়ে আপনার মূল অস্ত্র হলো আপনার আইডিয়া এবং এআই-এর সাথে কথা বলার দক্ষতা। আর কিছু না।

আমি এটাকে বলি "**Vibe Coding + No-Code অ্যাপ্রোচ**"। হার্ডকোর প্রোগ্রামিং না, আবার শুধু ড্র্যাগ-এন্ড-ড্রপ টুল দিয়েও সীমাবদ্ধ না—ঠিক মাঝখানের একটা জাদুকরী রাস্তা।

প্রসেসটা এরকম -

বিগ আইডিয়া: প্রথমে আপনার মাথায় একটা আইডিয়া। ধরুন, পাড়ার মুদি দোকানের বাকির হিসাব রাখার একটা ছোট অ্যাপ।

ভাইব সেশন: **ChatGPT** বা **Gemini**-কে বলবেন, "দোস্ত, আমি এমন একটা অ্যাপ চাই যেখানে দোকানদার বাকির খাতা লিখে রাখতে পারবে।" অনেকটা বন্ধুর সাথে আড্ডার মতো।

ম্যাজিক: এআই আপনার হয়ে ডকুমেন্টেশন তৈরি করবে, Google AI Studio-র মতো টুল দিয়ে হাজার লাইনের কোড লিখে দেবে।
বাস্তবায়ন: সেই কোড cPanel বা লোকাল পিসিতে রান করুন। আপনার সফটওয়্যার রেডি।

ভাইব কোডিং মানে টেকনোলজির ওপর থেকে ভয় সরিয়ে সেটাকে নিজের নিয়ন্ত্রণে নিয়ে আসা। এমন একটা জগত যেখানে কোডিং জানাটা আর শর্ত নয়, আইডিয়া থাকাটাই আসল শক্তি।

## এই বই কীভাবে পড়লে সবচেয়ে বেশি লাভ হবে?

একটাই নিয়ম—পড়বেন আর সাথে সাথে অ্যাপ্লাই করবেন।

এটা কোনো থিওরিটিক্যাল লেকচার নোট নয়। এটা আপনার প্র্যাকটিক্যাল প্লে-বুক। বেশ কিছু প্রজেক্ট আছে, বই পড়ার পাশাপাশি সেটা বানিয়ে ফেলুন। ভুল হোক, বাগ আসুক, ভাঙাচোরা হোক—সেটা আপনার নিজের সৃষ্টি। সেখান থেকেই শেখাটা শুরু।

আমি যদি BBA পড়ে, মার্কেটিং ব্যাকগ্রাউন্ড থেকে এসে ৩৫ বছর বয়সে কোডিংয়ের ভয় জয় করে সফটওয়্যার বানাতে পারি—আপনিও পারবেন।
চলুন, সলিউশন মেকার হওয়ার যাত্রা শুরু করি।

# অধ্যায় ১

## শুরু করার প্রস্তুতি — ভয়ের দিন শেষ! (The Setup)

## ১.১ মিশন: ডেভেলপার না, সলিউশন মেকার


শুরুতেই একটা সত্যি কথা বলি—ছোটবেলায় 'ম্যাট্রিক্স' মুভি দেখে বা কোনো হ্যাকারের পিসিতে কালো স্ক্রিনে সবুজ লেখা ঝরঝর করে পড়তে দেখে ভাবতাম, "বাব্বাহ! এরা না জানি কোন গ্রহের প্রাণী!" আমার মতো যারা বিবিএ (BBA) ব্যাকগ্রাউন্ডের বা নন-টেক মানুষ, তাদের জন্য ওই কালো স্ক্রিনটা একটা আতঙ্কের নাম। কোডিং মানেই যেন মাথা খারাপ করা কিছু অংকের সমীকরণ!

কিন্তু ভাই, দিন বদলেছে।

আজ আমরা এমন এক মিশনে নামছি, যেখানে আপনার ওই হিজিবিজি কোড মুখস্থ করার কোনো দরকার নেই। আমাদের লক্ষ্য "হার্ডকোর ডেভেলপার" হওয়া নয়, আমাদের লক্ষ্য "সলিউশন মেকার" হওয়া। ধরুন, আপনার গলির মোড়ের মামার দোকানের হিসাব খাতায় মিলছে না, আপনি তাকে একটা ছোট ইনভেন্টরি অ্যাপ বানিয়ে দিলেন। কিংবা নিজের সিভিটা কাউকে পিডিএফ হিসেবে মেইল না করে, নিজের নামের একটা ওয়েবসাইটের লিংক ধরিয়ে দিলেন। এই যে সমস্যার স্মার্ট সমাধান করলেন—এটাই আপনার সুপারপাওয়ার।

## ১.২ যুদ্ধ শুরুর আগের প্রস্তুতি ও অস্ত্রশস্ত্র

যুদ্ধে নামার আগে যেমন সৈনিকরা নিজেদের অস্ত্র গুছিয়ে নেয়, ভাইব কোডিং শুরু করার আগে আমাদেরও কিছু টুলস বা অস্ত্র রেডি রাখতে হবে। ভয়ের কিছু নেই, এগুলো সবই ফ্রি এবং সেটআপ করতে আপনার বড়জোর ৫ মিনিট সময় লাগবে।



## ১.৩ কার কাজ কী? (Tools Introduction)

### ১. আপনার ব্রেইন (The Mastermind)

সবচেয়ে বড় টুল আপনার কাঁধের ওপরই আছে। এআই সেকেন্ডের মধ্যে কোড লিখে দেবে ঠিকই, কিন্তু "কী বানাতে চাই" বা "লজিকটা কী হবে"—সেই মূল আইডিয়াটা আপনার মাথা থেকেই আসবে।

### ২. Google AI Studio (The Factory)

এটাকে অনেকে শুধু চ্যাটবট ভাবে, কিন্তু এটা আসলে আমাদের মেইন ফ্যাক্টরি বা ব্রাউজার-বেসড 'প্রোটোটাইপ-টু-অ্যাপ বিল্ডার'। ঠিকঠাক নির্দেশনা দিলে এটা আপনার আইডিয়াকে শুধু প্রোটোটাইপেই আটকে রাখে না—দেখতে দেখতেই সেটাকে ব্যবহারযোগ্য অ্যাপের রূপ দিতে শুরু করে।

### ৩. ChatGPT / Gemini (The Consultant)

এটাকে অনেকে শুধু চ্যাটবট ভাবে, কিন্তু এটা আসলে আমাদের মেইন ফ্যাক্টরি বা ব্রাউজার-বেসড 'প্রোটোটাইপ-টু-অ্যাপ বিল্ডার'। ঠিকঠাক নির্দেশনা দিলে এটা আপনার আইডিয়াকে শুধু প্রোটোটাইপেই আটকে রাখে না—দেখতে দেখতেই সেটাকে ব্যবহারযোগ্য অ্যাপের রূপ দিতে শুরু করে।


### 8. VS Code (The Workshop)

এটাকে ভাবুন একটা ডিজিটাল নোটপ্যাড বা এমএস ওয়ার্ডের মতো। আমরা এখানে বসে বসে কোড লিখব না, এআই আমাদের যে রেডিমেড কোডটা দেবে, সেটা শুধু এখানে এনে পেস্ট করব বা ফোল্ডার ওপেন করে রান করব।

### ৫. Node.js (The Engine)

এটাকে বলতে পারেন একটা অদৃশ্য ইঞ্জিন। এআই-এর বানানো মডার্ন সাইটগুলো আপনার ল্যাপটপে চালানোর জন্য এই ছোট সফটওয়্যারটা ব্যাকগ্রাউন্ডে কাজ করে। এটা শুধু একবার ইন্সটল করে ভুলে যাবেন, আর কিছুই করতে হবে না।

## ১.৪ সেটআপ: ৫ মিনিটের খেল




যাদের পিসি বা ল্যাপটপ আছে, তারা কাজ শুরু করার আগে এই স্টেপগুলো ফলো করে ফেলুন:

- **স্টেপ ১:** ব্রাউজার থেকে aistudio.google.com -এ গিয়ে আপনার জিমেইল দিয়ে লগ-ইন করে নিন।

- **স্টেপ ২:** গুগলে "Download VS Code" লিখে সার্চ করুন এবং সফটওয়্যারটি নামিয়ে নরমাল নিয়মে ইন্সটল করুন।

- **স্টেপ ৩:** গুগলে "Download Node.js" সার্চ করে LTS (Long Term Support) ভার্সনটা নামিয়ে Next > Next দিয়ে পিসিতে ইন্সটল করে ফেলুন। ব্যাস, আপনার ওয়ার্কশপ রেডি!

# ১.৫ মোবাইল ওয়ারিয়র: পিসি নেই? নো টেনশন!




অনেকেই আমাকে হতাশ হয়ে বলেন, "ভাই, আমার তো ল্যাপটপ বা পিসি নেই, আমি কি ভাইব কোডিং করতে পারব না?"

অবশ্যই না! আপনার হাতের স্মার্টফোনটিই যথেষ্ট।

যাদের পিসি নেই, তারা VS Code এবং Node.js ইন্সটল করার ওই ঝামেলায় একদমই যাবেন না। আমরা পরবর্তী অধ্যায়গুলোতে (বিশেষ করে অধ্যায় ৭-এ) পিসির পাশাপাশি মোবাইলের ব্রাউজার দিয়ে কীভাবে হুবহু একই কাজ করবেন, তা বিস্তারিত দেখাব। তাই পিসি নেই বলে বসে থাকবেন না, আপনার পকেটের ফোনটাই আপনার আসল অস্ত্র!

# ১.৬ ডোমেইন, হোস্টিং, লোকালহোস্ট — সহজ ভাষায়




টেকনিক্যাল মানুষদের মুখে এই তিনটা শব্দ খুব শোনা যায়। চলুন একদম সহজ করে বুঝে নিই:

- **লোকালহোস্ট (Localhost):** নিজের পিসিতে বা মোবাইলে ইন্টারনেট ছাড়াই অ্যাপটা চালিয়ে দেখা। মানে, রান্নাঘরে খাবার টেস্ট করা।
- **হোস্টিং (Hosting):** ইন্টারনেটে আপনার সাইটের ফাইলগুলো রাখার জায়গা (যেমন: Netlify বা cPanel)। এটা হলো আপনার ইন্টারনেট দুনিয়ার এক টুকরো জমি।
- **ডোমেইন (Domain):** আপনার সাইটের নাম বা ঠিকানা (যেমন: YourName.com বা MyShop.com)।

# ১.৭ প্রস্তুত তো? এবার বস হওয়ার পালা

আপনার অস্ত্র রেডি। মাইন্ডসেট রেডি। মনে রাখবেন, এই নতুন জার্নিতে আপনি একা নন। এআই এখন আপনার "টেকনিক্যাল কো-ফাউন্ডার"। চলুন, পরের অধ্যায়ে গিয়ে শিখি এই কো-ফাউন্ডারের সাথে কথা বলার সেই গোপন ভাষা!

# অধ্যায় ২:

## এআই-এর ভাষা শেখা (Prompt Engineering & Master Documentation)

## ২.১ বড় আইডিয়া: কী বানাবেন, কেন বানাবেন

সবকিছুর শুরুটাই হয় মাথার ভেতরের একটা ছোট স্পার্ক বা আইডিয়া থেকে। আপনার যদি আইডিয়া থাকে, এআই সেটাকে বাস্তবে রূপ দিতে প্রস্তুত। তবে একটা ভুল সবাই করে—প্রথম দিনেই ফেসবুক বা উবারের মতো বিশাল কিছু বানাতে যায়!

শুরুটা হোক একদম ছোট জিনিস দিয়ে। যেমন—নিজের একটা পোর্টফোলিও সাইট, পাড়ার ক্রিকেট টুর্নামেন্টের স্কোর বোর্ড, কিংবা মুড ভালো করার একটা ছোট অ্যাপ। ভ্যালিডেশন বা কাজ করছে কি না, সেটা দেখাই হলো প্রথম শর্ত।

## ২.২ ভাইব সেশন: এআই-এর সাথে কথা বলে আইডিয়া পরিষ্কার করা

মাথায় আইডিয়া এলে সেটা নিয়ে প্রথমেই এআই-এর সাথে আড্ডা দেওয়াকে আমি বলি "ভাইব সেশন"। আপনার আইডিয়াটা একদম কাঁচা হলেও সমস্যা নেই। ChatGPT বা Gemini ওপেন করে মানুষের ভাষায় তাকে বলুন:

"শোন, আমি আমার নিজের জন্য একটা পার্সোনাল ওয়েবসাইট বানাতে চাই। আমি গ্রাফিক্স ডিজাইনার। সাইটটা কেমন হওয়া উচিত আমাকে কিছু আইডিয়া দেও।"

Generate

মজার ব্যাপার হলো, এআই তখন আপনাকে পাল্টা প্রশ্ন করবে এবং আপনার অগোছালো চিন্তাগুলোকে একটা প্রফেশনাল স্ট্রাকচারে নিয়ে আসবে।

## ২.৩ ম্যাজিক শব্দভাণ্ডার (Dev Terms)

এআই-কে ইমপ্রেস করার জন্য এবং তাকে দিয়ে সঠিক আউটপুট বের করে আনার জন্য আপনাকে কয়েকটি 'ম্যাজিক ওয়ার্ড' জেনে রাখতে হবে। এগুলো জানলে এআই আপনাকে 'প্রো' ভাববে:

- **Frontend (ফ্রন্টএন্ড):** রেস্টুরেন্টের ডাইনিং স্পেস, যা কাস্টমার সরাসরি দেখতে পায় (ডিজাইন, বাটন, কালার)।

- **Backend (ব্যাকএন্ড):** রেস্টুরেন্টের রান্নাঘর। যা বাইরে থেকে দেখা যায় না কিন্তু আসল কাজ ওখানেই হয় (ডাটা সেভ করে রাখা)।

- **Responsive (রেসপন্সিভ):** সাইটটা ল্যাপটপে একরকম দেখাবে, আবার মোবাইলে ছোট স্ক্রিনে অটোমেটিক সুন্দরভাবে ফিট হয়ে যাবে।

- **API (এপিআই):** ওয়েটার। সে ফ্রন্টএন্ড (ডাইনিং) থেকে অর্ডার নিয়ে ব্যাকএন্ডে (রান্নাঘর) যায় এবং ডাটা নিয়ে এসে সার্ভ করে।

- **Deployment (ডিপ্লয়মেন্ট):** সাইটটা নিজের পিসি থেকে ইন্টারনেটে সবার জন্য লাইভ করা।

- **Bug & Debugging:** সফটওয়্যারে ভুল থাকাকে বলে 'বাগ' (Bug), আর সেই ভুল খুঁজে বের করে ঠিক করাকে বলে 'ডিবাগিং' (Debugging)।

## ২.৪ এআই বস বনাম এআই ইন্টার্ন

একটা জিনিস পরিষ্কারভাবে মাথায় গেঁথে নিন—এআই নিজে থেকে কোনো 'বস' নয়। সে হলো বিশ্বের সবচেয়ে মেধাবী এবং বাধ্যগত "ইন্টার্ন"। সে পৃথিবীর সব ল্যাঙ্গুয়েজ জানে, কিন্তু আপনি তাকে সঠিক ও ক্লিয়ার নির্দেশ না দিলে সে হাবিজাবি একটা কিছু ধরিয়ে দেবে। এআই তখনই বস, যখন আপনি বস!





Bad Prompt (এভাবে বলবেন না):

> আমার জন্য একটা সুন্দর ল্যান্ডিং পেজ বানাও।

Good Prompt (এভাবে বলবেন):

> তুমি একজন এক্সপার্ট ওয়েব ডিজাইনার। আমার 'স্মার্ট ওয়াটার বোতল' প্রোডাক্টের জন্য একটি সেলস-ড্রিভেন রেসপন্সিভ ল্যান্ডিং পেইজ বানাও। ডিজাইনে Tailwind CSS ব্যবহার করবে। পেইজে হিরো সেকশন, ফিচার এবং একটি অর্ডার ফর্ম থাকতে হবে।

## ২.৫ প্রম্পটের ৪ স্তম্ভ (Role, Context, Constraints, Output)





যেকোনো পারফেক্ট প্রম্পট লেখার সময় এই ৪টি স্তম্ভ সবসময় মনে রাখবেন

- **Role (চরিত্র):** এআই-কে একটি নির্দিষ্ট চরিত্র দিন (যেমন: "Act as an expert React developer")।
- **Context (প্রেক্ষাপট):** আপনি কী বানাতে চান তার বিস্তারিত পটভূমি বা গল্প বলুন।
- **Constraints (সীমাবদ্ধতা):** কী কী নিয়ম এআইকে মানতে হবে (যেমন: "অবশ্যই রেসপন্সিভ হতে হবে", "ডার্ক মোড থাকবে", "কোনো ডামি টেক্সট ব্যবহার করবে না")।
- **Output (ফলাফল):** ফলাফল কেমন ফরম্যাটে চান (যেমন: "একক HTML ফাইলে সম্পূর্ণ কোড দাও")।

## ২.৬ মাস্টার ডকুমেন্টেশন: এআই-এর ইনস্ট্রাকশন ম্যানুয়াল

আপনি যদি রেস্টুরেন্টে গিয়ে বলেন "আমাকে খাবার দাও", ওয়েটার কনফিউজড হবে। সে হয়তো আপনাকে সবজি এনে দেবে যখন আপনি বিরিয়ানি খেতে চাচ্ছিলেন। Google AI Studio-কে দিয়ে এক ক্লিকে পুরো প্রজেক্ট দাঁড় করানোর জন্য আপনার একটা ডিটেইলড রিকোয়ারমেন্ট শিট লাগবে, যাকে আমরা বলি মাস্টার ডকুমেন্টেশন।




এই ডকুমেন্টেশনে আপনার প্রজেক্টের লক্ষ্য, কী কী ফিচার থাকবে, কালার থিম কেমন হবে—সবকিছু বিস্তারিত লেখা থাকে। এটিই এআই-এর কাছে আপনার ব্লু-প্রিন্ট বা ইনস্ট্রাকশন ম্যানুয়াল হিসেবে কাজ করে।

## ২.৭ Reverse Engineering: CV বা আইডিয়া থেকে বড় প্রম্পট বানানো

এখন আপনি ভাবতে পারেন, "ভাই, আমি নন-টেক মানুষ, আমি এত বড় ডকুমেন্টেশন লিখব কীভাবে?"

এখানেই আসে আমাদের স্মার্ট হ্যাক—রিভার্স ইঞ্জিনিয়ারিং! আপনাকে বসে বসে ১০ পৃষ্ঠা টাইপ করতে হবে না।

**১.** ChatGPT ওপেন করে আপনার সিভি (CV) বা অগোছালো আইডিয়াটা সেখানে দিন।

**২.** তাকে এই কমান্ড দিন:

> আমার এই সিভি/আইডিয়াটা নাও। এবার তুমি 'Google AI Studio'-এর জন্য একটি ডিটেইলড টেকনিক্যাল প্রম্পট (মাস্টার ডকুমেন্টেশন) লিখে দাও, যাতে ওই প্রম্পটটা দিলে সে আমাকে পুরো সাইটটা এক ক্লিকে বানিয়ে দেয়। ডকুমেন্টেশনে Role, Features, UI/UX Guidelines এবং Constraints অ্যাড করবে।

**৩.** ব্যাস! আপনার "কনসালট্যান্ট" এআই আপনার হয়ে ওই বিশাল প্রম্পট লিখে দেবে। আপনি জাস্ট সেটা কপি করে "ফ্যাক্টরি" (AI Studio)-তে পেস্ট করবেন।

এই বইয়ে আমরা প্রম্পটের কাজের অংশটা একদম হাতে-কলমে ধরে এগোচ্ছি। তবে আপনি যদি প্রম্পট লেখাটাকে আলাদা একটা পাওয়ারফুল স্কিল হিসেবে আয়ত্ত করতে চান, তবে আমাদের 'প্রম্পট ইঞ্জিনিয়ারিং v4' বইটি আপনার জন্য দারুণ একটা নেক্সট-স্টেপ হতে পারে। সেখানে বিভিন্ন কাজের জন্য ৩০০+ রেডিমেড প্রম্পট ফ্রেমওয়ার্ক সুন্দরভাবে সাজানো আছে।

# অধ্যায় ৩:

## প্রজেক্ট ১ — নিজের পোর্টফোলিও সাইট (১৫ মিনিটে)


## ৩.১ চ্যালেঞ্জ: ১৫ মিনিটে ওয়েবসাইট?

বইয়ের থিওরি এবং ভাবনার অংশ শেষ! এতক্ষণ আমরা শিখেছি কীভাবে ভাবতে হয়, এবার আমরা সেটা করে দেখাব। আমি আপনাকে একটা চ্যালেঞ্জ দিচ্ছি—ঘড়ি ধরে ঠিক ১৫ মিনিটের মধ্যে আমরা আপনার নিজের নামের একটা প্রফেশনাল পোর্টফোলিও ওয়েবসাইট দাঁড় করাব। হ্যাঁ, আপনি ঠিকই পড়ছেন, কোনো কোডিং ছাড়া মাত্র ১৫ মিনিটে!

প্রস্তুত তো? চলুন মাঠে নামা যাক।

## ৩.২ মসলাপাতি জোগাড় (Raw Materials)

রান্না শুরু করার আগে যেমন পেঁয়াজ-মরিচ কেটে গুছিয়ে রাখতে হয়, আমাদের ওয়েবসাইট বানানোর আগেও কিছু বেসিক জিনিস গুছিয়ে নিতে হবে। আপনার Google Drive এ একটা ফোল্ডার তৈরি করুন।




সেই ফোল্ডারে এই ৩টি জিনিস রাখুন:

**১. আপনার সিভি (CV):**

পিডিএফ (PDF) ফরম্যাটে আপনার আপডেট করা একটি সিভি বা রেজুমে।

**২. ছবি:**

আপনার একটা সুন্দর, প্রফেশনাল হাসি দেওয়া ছবি।

**৩. সোশ্যাল লিংক:**

একটি নোটপ্যাড ফাইলে আপনার লিংকডইন (LinkedIn), ফেসবুক বা অন্যান্য কাজের পোর্টফোলিওর লিংকগুলো কপি করে রাখুন।

## ৩.৩ ChatGPT দিয়ে মাস্টার প্রম্পট বানানো

এবার আমরা আমাদের "কনসালট্যান্ট" অর্থাৎ ChatGPT (বা Gemini)-এর কাছে যাব। ChatGPT ওপেন করুন, আপনার সিভির পিডিএফ ফাইলটি সেখানে আপলোড করে দিন। এরপর হুবহু নিচের কমান্ড বা প্রম্পটটি কপি করে সেখানে পেস্ট করে দিন:

```
Act as a Senior UI/UX Designer and Frontend
Developer.
I want to build a personal portfolio website based
on my attached CV. The website should have the
following sections: a Hero section with my photo and
a tagline, About Me, Career Timeline/Experience,
Skills, and a Contact form.
Use React and Tailwind CSS. The design should be
modern, minimalist, dark-themed, and fully
responsive for mobile.
Write a detailed technical prompt (Master
Documentation) that I can feed into 'Google AI
Studio' so it generates the complete code for this
website in one go.
```


কয়েক সেকেন্ডের মধ্যেই ChatGPT আপনার সিভি স্ক্যান করে বিশাল একটা স্ট্রাকচারাল প্রম্পট (মাস্টার ডকুমেন্টেশন) লিখে দেবে।

## ৩.৪ Google AI Studio-তে রান্না চড়িয়ে দেওয়া

এবার আমাদের আসল "ফ্যাক্টরি" বা রান্নাঘরে যাওয়ার পালা।

### স্টেপ ১

ব্রাউজারে নতুন ট্যাব খুলে aistudio.google.com -এ যান।





### স্টেপ ২

ChatGPT আপনাকে যে বিশাল প্রম্পটটা লিখে দিয়েছে, সেটা কপি করে Google AI Studio-র চ্যাটবক্সে পেস্ট করুন এবং রান (Run/Submit) বাটনে ক্লিক করুন।


## স্টেপ ৩

এবার ম্যাজিক দেখুন! আপনার চোখের সামনে এআই একা একাই আপনার পোর্টফোলিওর জন্য শত শত লাইনের কোড লিখতে শুরু করবে। ডানপাশের প্রিভিউ (Preview) উইন্ডোতে আপনি লাইভ দেখতে পাবেন সাইটটা কেমন দাঁড়াচ্ছে।




## ৩.৫ Preview, Refine, আর Design Polish


প্রথম দর্শনেই হয়তো প্রেম নাও হতে পারে। সাইটটা দেখে হয়তো আপনার মনে হলো, "নাহ, কালারটা ঠিক জমল না।" কোনো সমস্যা নেই! আপনাকে কোড ঘেঁটে কালার চেঞ্জ করতে হবে না।




এআই স্টুডিওর নিচের চ্যাটবক্সে তাকে মানুষের ভাষায় ইনস্ট্রাকশন দিন:

*"ডিজাইনটা আরেকটু ফিউচারিস্টিক করো। ব্যাকগ্রাউন্ড একদম কালো না দিয়ে নেভি ব্লু দাও, আর বাটনগুলোর বর্ডার কালার অরেঞ্জ করো।" সে কোনো কমপ্লেন ছাড়াই সাথে সাথে আপনার কথা মতো পুরো ডিজাইন আপডেট করে দেবে। যতক্ষণ আপনার মন মতো না হচ্ছে, তাকে দিয়ে কাজ করিয়ে নিন।"*

আরেকটি বিষয়, Google Ai Studio লোকাল কোনো ইমেজ বা ভিডিও তার কোডবেজে এড করতে পারেনা, কোনো ইমেজ বা ভিডিও এড করতে হলে সেটিকে কোথাও (imgur, github etc) আপলোড/হোস্ট করে তারপর সেই raw লিংকটি Google Ai Studio-কে দিলে সে এড করে দিবে।



**প্রো টিপ:** ডিজাইন পলিশ করার সময় কোন শব্দগুলো দিলে এআই সবচেয়ে প্রিমিয়াম আউটপুট দেয়—সেটা নিয়ে বইয়ের শেষে পুরো একটা "Design Direction Keywords" সেকশন আছে। এখন প্র্যাকটিস করুন, পরে সেই লিস্ট দেখে আরও শার্প করুন।


## ৩.৬ Download বা Export করে প্রজেক্ট নামানো

ডিজাইন ফাইনাল? সাইট তো রেডি হয়ে গেল! এবার এই সাইটটাকে নিজের পিসিতে নিয়ে আসার পালা।

Google AI Studio-র কোড এডিটরের ঠিক উপরে ডানপাশে খেয়াল করুন। সেখানে Download বা Export নামের একটি আইকন আছে। সেখানে ক্লিক করে পুরো প্রজেক্টটা একটা ZIP ফাইল হিসেবে আপনার ল্যাপটপে নামিয়ে নিন। নামানোর পর জিপ ফাইলটাকে আনজিপ (Extract) করে ফেলুন।

## ৩.৭ VS Code + Terminal + npm run dev

ভয় পাবেন না, এই অংশটা দেখতে একটু হ্যাকারদের মতো লাগলেও কাজটা একদম পানির মতো সোজা।



### স্টেপ ১

আপনার আনজিপ করা ফোল্ডারটি **VS Code** সফটওয়্যারে ওপেন করুন (Drag & Drop)।

### স্টেপ ২

VS Code-এর ওপরের মেনু থেকে **Terminal > New Terminal**-এ ক্লিক করুন। নিচে একটা কালো বক্স (টার্মিনাল) ওপেন হবে।

### স্টেপ ৩

সেখানে লিখুন: `npm install` এবং এন্টার দিন। (এটি ইন্টারনেট থেকে সাইট চালানোর জন্য প্রয়োজনীয় টুলসগুলো নামিয়ে আনবে। কিছুক্ষণ সময় লাগতে পারে)।

### স্টেপ ৪

ইন্সটল শেষ হলে, এবার সেই জাদুকরী কমান্ডটি লিখুন:
`npm run dev` এবং এন্টার দিন। (এটি আপনার সাইটের ইঞ্জিন চালু করে দিল!)

## ৩.৮ Localhost-এ নিজের সাইট প্রথমবার দেখা

টার্মিনালে `npm run dev` দেওয়ার পর সেখানে একটা লিংক দেখাবে (সাধারণত লিংকটা হয়: http://localhost:5173 বা এরকম কিছু)।

কিবোর্ডের Ctrl (বা ম্যাকের Cmd) চেপে ধরে ওই লিংকটার ওপর মাউস দিয়ে ক্লিক করুন। বুম! আপনার ব্রাউজার ওপেন হয়ে যাবে এবং আপনি আপনার নিজের তৈরি করা প্রফেশনাল পোর্টফোলিও ওয়েবসাইট লাইভ দেখতে পাবেন!

মাত্র ১৫ মিনিটে, কোনো কোডিং না জেনে আপনি একজন সলিউশন মেকারের মতো নিজের সাইট দাঁড় করিয়ে ফেলেছেন। নিজের পিঠ চাপড়ে দিন!

## ৩.৯ পোর্টফোলিও থেকে Authority – এখানেই আপনার উপস্থিতি শুরু




পোর্টফোলিও সাইট বানানো মানে শুধু আপনার সিভিটা ইন্টারনেটে ঝুলিয়ে রাখা না; এটা আপনার ডিজিটাল উপস্থিতির প্রথম ইট। আজকের দিনে শুধু স্কিল থাকলেই হয় না, মানুষ আপনাকে খুঁজলে যেন প্রফেশনাল কিছু দেখতে পায়, সেটাও নিশ্চিত করতে হয়। এই পোর্টফোলিও সাইটটাই পরবর্তীতে আপনার "অথরিটি" (Authority) বা বিশ্বাসযোগ্যতা বিল্ড করার স্ট্রং ফাউন্ডেশন হতে পারে।

এই বিষয়টা আরও গভীরে বুঝতে এবং নিজেকে ইন্টারনেটে একটি পাওয়ারফুল ব্র্যান্ড হিসেবে প্রতিষ্ঠা করতে চাইলে আমাদের **'AI ড্রিভেন পার্সোনাল ব্র্যান্ডীং ও অথরিটি বিল্ডিং'** বইটি আপনার জন্য দারুণ একটা নেক্সট-স্টেপ হতে পারে। কারণ, ভাইব কোডিং দিয়ে আপনি সাইট বানালেন, আর পার্সোনাল ব্র্যান্ডিংয়ের স্কিল দিয়ে আপনি সেই সাইটে ভ্যালু তৈরি করলেন।

# অধ্যায় ৪

## প্রজেক্ট ২ — ল্যান্ডিং পেইজ ও ফ্রি হোস্টিং (The Zero Cost Startup)

## ৪.১ পকেটে টাকা নেই, কিন্তু মাথায় বিজনেস আইডিয়া আছে


পোর্টফোলিও তো বানানো হলো, এবার আমাদের দরকার আসল বিজনেস! ধরুন, আপনার মাথায় দারুণ একটা প্রজেক্টের আইডিয়া আছে। আপনি একটা "Smart Water Bottle" বা স্মার্ট পানির বোতল বিক্রি করতে চান। এই বোতলটা কতক্ষণ পর পর পানি খেতে হবে সেটা অ্যালার্ম দিয়ে মনে করিয়ে দেয়।

কিন্তু সমস্যা হলো, এই আইডিয়াটা মার্কেটে টেস্ট করার জন্য ওয়েবসাইট বানাতে হবে। আর ওয়েবসাইট বানাতে গেলে ডোমেইন কিনতে হবে, হোস্টিং কিনতে হবে—অনেক টাকার ধাক্কা! আপনার পকেটে এখন টাকা নেই। তাহলে কী আইডিয়াটা মরে যাবে?

একদম না! আমরা এখন "জিরো কস্ট স্টার্টআপ" (Zero Cost Startup) মেথড ফলো করব। অর্থাৎ, শূন্য টাকায় এআই দিয়ে একটা সেলস-ড্রিভেন ল্যান্ডিং পেইজ বানাবো এবং ফ্রিতে সেটা ইন্টারনেটে লাইভ করে মানুষের রেসপন্স চেক করব।

## ৪.২ একটি সেলস-ড্রিভেন ল্যান্ডিং পেইজে কী কী থাকে

ল্যান্ডিং পেইজ হলো এমন একটা ওয়েবসাইট, যার একটাই উদ্দেশ্য থাকে—ভিজিটরকে কাস্টমারে রূপান্তর করা। একটা পারফেক্ট ল্যান্ডিং পেইজে সাধারণত এই ৪টি জিনিস থাকে:



**১. হিরো সেকশন (Hero Section):** একদম শুরুতে প্রোডাক্টের আকর্ষণীয় নাম, বড় করে একটা হেডলাইন এবং "Order Now" বাটন।

**২. ফিচার লিস্ট (Features):** এই বোতলটা কেন অন্যদের চেয়ে সেরা? তার ৩-৪টা পয়েন্ট।

**৩. টেস্টিমনিয়াল (Testimonials):** আগে যারা কিনেছে, তাদের কিছু পজিটিভ রিভিউ (মার্কেটিংয়ের ভাষায় একে সোশ্যাল প্রুফ বলে)।

**৪. অর্ডার ফর্ম (Order Form):** একদম শেষে একটা ফর্ম, যেখানে মানুষ প্রোডাক্ট কেনার জন্য তাদের নাম, ফোন নম্বর আর ঠিকানা দেবে।

## ৪.৩ ChatGPT / Gemini দিয়ে Landing Page Prompt লিখিয়ে নেওয়া

ল্যান্ডিং পেইজ হলো এমন একটা ওয়েবসাইট, যার একটাই উদ্দেশ্য থাকে—ভিজিটরকে কাস্টমারে রূপান্তর করা। একটা পারফেক্ট ল্যান্ডিং পেইজে সাধারণত এই ৪টি জিনিস থাকে:

এবার আমরা আমাদের কনসালট্যান্ট ChatGPT বা Gemini-কে বলবো এই পুরো পেইজের স্ট্রাকচারটা আমাদের জন্য লিখে দিতে।

মনে রাখবেন, এআই ইংরেজি ইনস্ট্রাকশন সবচেয়ে ভালো বোঝে। তাই আমরা প্রম্পটগুলো সবসময় ইংরেজিতেই দেব।

### ChatGPT ওপেন করে নিচের প্রম্পটটি হুবহু কপি করে পেস্ট করুন:

```
Act as an Expert Prompt Engineer and Marketer.
Write a comprehensive System Instruction (Master
Documentation) for Google AI Studio to generate a
high-converting Landing Page for a product named
'Smart Water Bottle'.
The UI Language should be in Bengali. Use React and
Tailwind CSS for styling. Make it look premium with
gradients.
Sections needed:
Hero Section (Catchy headline, subheadline, Order
CTA)
Features (3-4 key benefits with icons)
Testimonials (2-3 fake positive reviews for social
proof)
Order Form (Name, Phone, Address, Submit Button)
CRUCIAL REQUIREMENT: The <form> tag MUST have the
data-netlify="true" or netlify attribute. Also,
every input field inside the form MUST have a
distinct name attribute. This is mandatory for
backend-less data collection.
Please output only the final prompt that I can copy
and paste into Google AI Studio.
```

এই প্রম্পটে আমরা এআই-কে খুব ক্লিয়ারলি বলে দিয়েছি আমাদের কী কী লাগবে। সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ হলো **CRUCIAL REQUIREMENT** ব্লকটা। এখানে আমরা বলে দিয়েছি ফর্মে যেন netlify এবং name অ্যাট্রিবিউট থাকে। কেন বলেছি? সেটা একটু পরেই বুঝতে পারবেন!

## ৪.৪ Google AI Studio-তে কোড জেনারেট করা


ChatGPT আপনাকে যে ইংরেজি মাস্টার প্রম্পটটি লিখে দিয়েছে, সেটা কপি করুন।

এরপর আমাদের ফ্যাক্টরি, অর্থাৎ Google AI Studio (aistudio.google.com) এ যান এবং চ্যাটবক্সে প্রম্পটটি পেস্ট করে রান করুন। কয়েক সেকেন্ডের মধ্যেই দেখবেন আপনার স্মার্ট ওয়াটার বোতলের জন্য একদম প্রফেশনাল, বাংলা টেক্সটযুক্ত একটা ল্যান্ডিং পেইজ রেডি হয়ে গেছে!

পেইজটা পছন্দ হলে, আগের অধ্যায়ের মতোই ডানদিকের ওপর থেকে Download বাটনে ক্লিক করে প্রজেক্টের ZIP ফাইলটা পিসিতে নামিয়ে নিন।

## ৪.৫ Netlify Drop: Drag, Drop, Live

ফাইল তো নামালাম, কিন্তু এটা তো শুধু আপনার পিসিতে (Localhost) আছে। এটাকে ইন্টারনেটে সবার জন্য লাইভ (Live) করতে হবে তো!
যেহেতু আমাদের ডোমেইন-হোস্টিং কেনার টাকা নেই, আমরা ব্যবহার করব Netlify। এটি ডেভেলপারদের কাছে অত্যন্ত জনপ্রিয় একটি ফ্রি হোস্টিং প্ল্যাটফর্ম। এখানে সাইট লাইভ করা জাস্ট ড্র্যাগ-অ্যান্ড-ড্রপ (টেনে এনে ছেড়ে দেওয়া)-এর ব্যাপার।



### স্টেপ ১

ব্রাউজারে নতুন ট্যাব খুলে এই লিংকে যান: app.netlify.com/drop

### স্টেপ ২

যদি অ্যাকাউন্ট না থাকে, তবে ইমেইল বা গিটহাব (GitHub) দিয়ে ফ্রিতে সাইন-আপ করে নিন।

### স্টেপ ৩


এবার আপনার ডাউনলোড করা সেই ZIP ফাইলটি (যেটা Google AI Studio থেকে নামিয়েছেন) মাউস দিয়ে ড্র্যাগ করে বা টেনে এনে Netlify-এর ড্রপ-জোনের গোল বৃত্তটার ভেতর ছেড়ে দিন।

ব্যাস! ২-৩ সেকেন্ডের মধ্যে Netlify আপনাকে একটা লিংক (URL) দিয়ে দেবে (যেমন: mellow-cranberry-1234.netlify.app)। এই লিংকটা আপনি যাকে খুশি পাঠাতে পারেন। আপনার জিরো-কস্ট স্টার্টআপ এখন সারা দুনিয়ার জন্য লাইভ!

## ৪.৬ Netlify Forms: Backend ছাড়াই Data Collection

এখন আপনার মনে একটা বড় প্রশ্ন আসতে পারে— "ভাই, মানুষ যে আমার সাইটে গিয়ে ফর্ম ফিলাপ করে অর্ডার করবে, সেই ডাটাগুলো যাবে কোথায়? আমি তো কোনো ব্যাকএন্ড (Backend) বা ডাটাবেজ বানাইনি!"

এখানেই আসল ম্যাজিক! মনে আছে, প্রম্পট লেখার সময় আমরা ChatGPT-কে কড়া নির্দেশ দিয়েছিলাম ফর্মে যেন netlify অ্যাট্রিবিউট থাকে?




Netlify এতটাই স্মার্ট যে, সে যদি কোনো ফর্মে netlify লেখাটা দেখতে পায়, সে নিজ থেকেই ওই ফর্মের জন্য একটা ব্যাকএন্ড বা ডাটাবেজ তৈরি করে নেয়!

কেউ যখন আপনার ওয়েবসাইটের ফর্মে নাম, ফোন নম্বর লিখে 'Order Now' বাটনে ক্লিক করবে, ওই ডাটাটা সরাসরি আপনার Netlify অ্যাকাউন্টে এসে জমা হবে। আপনি Netlify-এর ড্যাশবোর্ডে গিয়ে 'Forms' ট্যাবে ক্লিক করলেই সব কাস্টমারের ডাটা একসাথে দেখতে পাবেন। কোনো পিএইচপি (PHP) বা মাইএসকিউএল (MySQL)-এর ঝামেলাই নেই!

## ৪.৭ Quick Troubleshooting

অনেক সময় কোডিংয়ে ছোটখাটো ঝামেলা হতে পারে। বিশেষ করে প্রথমবার ফর্ম সাবমিট করার পর হয়তো দেখলেন Netlify-তে ডাটা আসছে না। ভয় পাবেন না, এটা খুব কমন একটা সমস্যা।



**সতর্কতা ও সমাধান:** সাইট লাইভ করার পর নিজে নিজে একবার ফর্মটা ফিলাপ করে টেস্ট (Test Submit) করুন। এরপর Netlify ড্যাশবোর্ডের "Forms" ট্যাবে গিয়ে চেক করুন ডাটা এসেছে কি না।

যদি দেখেন কোনো ডাটা আসেনি বা ফর্ম ডিটেক্ট হয়নি, তবে Netlify-এর **Site Settings** থেকে Forms-এ যান এবং **"Enable Form Detection"** অপশনটি অন করে দিন। এরপর আপনার কোডের ZIP ফাইলটি আরেকবার Netlify-তে আপলোড (Redeploy) করুন। দেখবেন এরপর থেকে স্মুথলি সব কাস্টমারের ডাটা চলে আসছে!

**মাথায় রাখুন:** কোনো প্রজেক্টে এরর আসলে ঘাবড়াবেন না। বইয়ের শেষে পরিশিষ্টে একটা রেডিমেড "Debug Prompt Template" আছে—সেখানে শুধু আপনার এরর মেসেজটা কপি করে বসিয়ে দিলেই হবে। আপাতত এগিয়ে যান।

## ৪.৮ Natural Next Step: কনভার্শন গেম

অনেক সময় কোডিংয়ে ছোটখাটো ঝামেলা হতে পারে। বিশেষ করে প্রথমবার ফর্ম সাবমিট করার পর হয়তো দেখলেন Netlify-তে ডাটা আসছে না। ভয় পাবেন না, এটা খুব কমন একটা সমস্যা।




অভিনন্দন! এই অধ্যায়ে আমরা ভাইব কোডিং দিয়ে সম্পূর্ণ ফ্রিতে একটি সুন্দর ল্যান্ডিং পেইজ দাঁড় করালাম এবং সেটা ইন্টারনেটে লাইভও করে ফেললাম। আপনার আইডিয়া এখন মার্কেট টেস্ট করার জন্য প্রস্তুত।

তবে একটা বিষয় মনে রাখা জরুরি—শুধুমাত্র ল্যান্ডিং পেইজ থাকলেই যে সেলস বা অর্ডার আসবে, ব্যাপারটা এমন নয়। ভিজিটরকে কীভাবে সাইকোলজিক্যালি কনভিন্স করে কাস্টমারে রূপান্তর (Conversion) করতে হয়, সেটা একটা আলাদা আর্ট।

ল্যান্ডিং পেইজ ডিজাইনকে যদি আপনি একদম প্রো-লেভেলে নিয়ে যেতে চান এবং হাতে-কলমে (Hands-on) অ্যাডভান্সড হ্যাকস শিখতে চান, তবে আমাদের 'AI দিয়ে সেলস ড্রিভেন ল্যান্ডিং পেইজ ডিজাইন' রেকর্ডেড কোর্সটি দেখতে পারেন।

## এই কোর্সে যা যা কভার করা হয়েছে (এক নজরে):

### ১ ৩০ মিনিটে ল্যান্ডিং পেইজ:

কীভাবে চ্যাট করেই চোখের পলকে সাইট রেডি করবেন।

### ২ প্রম্পট ইঞ্জিনিয়ারিং মাস্টারক্লাস

ডিজাইনের জন্য নিখুঁত প্রম্পট লেখার সিক্রেট।

### ৩ মার্কেটার মাইন্ডসেট

কোডার না হয়েও একজন মার্কেটার হিসেবে কীভাবে সেলস ফানেল সাজাবেন।

### ৪ স্টেপ-বাই-স্টেপ গাইডলাইন

একদম জিরো থেকে লাইভ করা পর্যন্ত ফুল প্রসেস।

যারা সিরিয়াসলি কাজ করতে চান, এই কোর্সটি তাদের জিরো-কস্ট স্টার্টআপকে নেক্সট লেভেলে নিয়ে যাওয়ার জন্য একটি কমপ্লিট ব্লু-প্রিন্ট!

# অধ্যায় ৫

## প্রজেক্ট ৩ — ফান প্রজেক্ট: দ্য ভাইব অ্যাপ

## ৫.১ সিরিয়াস কাজ অনেক হলো, এবার একটু ফান

যারা সিরিয়াসলি কাজ করতে চান, এই কোর্সটি তাদের জিরো-কস্ট স্টার্টআপকে নেক্সট লেভেলে নিয়ে যাওয়ার জন্য একটি কমপ্লিট ব্লু-প্রিন্ট!

## ৫.২ Mood Fixer - Idea Selection

চলুন আমরা একটা "মুড ফিক্সার" (Mood Fixer) অ্যাপ বানাই। জিনিসটা কী? ধরুন, আপনার মন খুব খারাপ। আপনি অ্যাপে ঢুকে 'Sad 😢' বাটনে চাপ দিলেন, আর অ্যাপটা সাথে সাথে আপনাকে মজার একটা জোকস শুনিয়ে আপনার মুড ভালো করে দিল। অথবা আপনার রাগ উঠছে, 'Angry 😡' বাটনে চাপলেন, আর সে আপনাকে শান্ত করার মতো কোনো উক্তি দিল।




এই প্রজেক্টের মাধ্যমে আমরা ওয়েবসাইটের আসল প্রাণ—অর্থাৎ লজিক (Logic)-এর সাথে পরিচিত হবো।

## ৫.৩ Static vs Interactive – বাটন চাপলে জাদু কীভাবে হয়

আমরা আগের দুই অধ্যায়ে যে সাইটগুলো বানিয়েছি, সেগুলো ছিল "স্ট্যাটিক" (Static)। মানে, সেগুলো দেয়ালে টাঙানো ছবির মতো। আপনি শুধু দেখতে পারবেন, কিন্তু ছবি আপনার সাথে কথা বলবে না।

কিন্তু এই "মুড ফিক্সার" অ্যাপটা হবে "ইন্টারেক্টিভ" (Interactive)। এর মানে হলো, এটি আপনার সাথে কথা বলবে। আপনি বাটনে চাপ দিলে সে রেসপন্স করবে।

এটাকে অনেকটা ভেন্ডিং মেশিনের মতো ভাবতে পারেন—১০ টাকার নোট ঢোকালেন, আর নিচ দিয়ে চিপসের প্যাকেট বেরিয়ে আসলো। এখানে "বাটনে ক্লিক করাটা" হলো ইভেন্ট (Event), আর "জোকস দেখানোটা" হলো ম্যাজিক বা আউটপুট।

## ৫.৪ Array, Mood Buckets, Random Output

লজিক জিনিসটা শুনে খুব কঠিন মনে হতে পারে। চলুন একদম পানির মতো সহজ করে ফেলি।




কোডিংয়ের ভাষায় Array (অ্যারে) নামের একটা জিনিস আছে। এটাকে আপনি স্রেফ একটা "ঝুড়ি" বা "Bucket" হিসেবে ভাবতে পারেন।

আমরা এআই-কে বলব ৩টা আলাদা ঝুড়ি বানাতে:

### ১ Happy Bucket (খুশির ঝুড়ি)

এখানে ৫-৬টা পজিটিভ উক্তি থাকবে।

### ২ Sad Bucket (মন খারাপের ঝুড়ি)

এখানে ৫-৬টা হাসির জোকস থাকবে।

### ৩ Angry Bucket (রাগের ঝুড়ি)

এখানে মাথা ঠান্ডা করার মতো ৫-৬টা কথা থাকবে।

## ৫.৫ ChatGPT / Gemini দিয়ে সুন্দর প্রম্পট বানানো

চলুন আমাদের কনসালটট্যান্ট ChatGPT বা Gemini-কে দিয়ে অ্যাপের স্ট্রাকচারটা লিখিয়ে নিই। নিচের প্রম্পটটি হুবহু কপি করে পেস্ট করুন:

```
Prompt for ChatGPT/Gemini:
"Act as a React Developer. Write a complete System Instruction for Google AI Studio to build an interactive 'Mood Fixer' web app.
UI Requirements:
  • Language: Bengali.
  • A clean, centered card design using Tailwind CSS.
  • 3 Emoji Buttons: 'Happy 😊', 'Sad 😢', and 'Angry 😡'.
Logic Requirements:
  • Create 3 arrays (buckets) containing 5 quotes/jokes each, matching the moods in Bengali.
  • When a user clicks a button, randomly pick one string from the corresponding array and display it on the screen.
Output: Provide the final master prompt that I can feed directly to Google AI Studio to generate the one-file React code."
```

## ৫.৬ Google AI Studio-তে Build & Preview


ChatGPT আপনাকে যে ইংরেজি প্রম্পটটি দেবে, সেটা নিয়ে চলে যান আমাদের ফ্যাক্টরিতে—Google AI Studio (aistudio.google.com)।


চ্যাটবক্সে প্রম্পটটি পেস্ট করে রান করুন। কয়েক সেকেন্ডের মধ্যেই ডানপাশের প্রিভিউ (Preview) উইন্ডোতে আপনি দেখতে পাবেন আপনার মুড ফিক্সার অ্যাপ রেডি!

প্রিভিউ উইন্ডোতেই বাটনগুলোতে ক্লিক করে দেখুন তো, মন খারাপের বাটনে চাপ দিলে জোকস আসছে কি না? যদি ঠিকমতো কাজ করে, তবে ওপরের ডানপাশ থেকে Download বাটনে ক্লিক করে ZIP ফাইলটা নামিয়ে নিন।

## ৫.৭ নিজের জোকস বসিয়ে Customization

এআই হয়তো খুব সাধারণ কিছু জোকস দিয়েছে। আপনি চাচ্ছেন আপনার বন্ধু মহলের নিজস্ব কিছু জোকস বা ফানি ডায়লগ অ্যাপে ঢোকাতে। এটা করা খুব সহজ!





```
App.tsx
mood-fixer > src > App.tsx > ...
import { useState } from 'react';

const happyBucket = [
  "এত খুশি? মনে হচ্ছে ভুল করে রিয়েল লাইফেও ফিল্টার অন হয়ে গেছে! ",
  "খুব খুশি? জলদি স্ট্যাটাস দাও, আত্মীয়দের প্রেশারটাও তো বাড়াতে হবে! ",
  "অকারণে এত হাসি? জীবনে সব ঠিক আছে নাকি ডেলিভারি বয় খাবার দিয়ে গেছে? ",
  "মন ভালো থাকলে কাজ ভালো হয় ঠিকই, কিন্তু ঘুমিয়ে নিলে আরও ভালো হয়। ",
  "খুশিতে ট্রিট দিতে ইচ্ছে করছে? পকেট চেক করো, শেষে বাসন মাজার আনন্দ না জুটলেই হলো! "
];

const sadBucket = [
  "মেঘের পর রোদ ওঠে ঠিকই, কিন্তু তোমার জীবনে তো মনে হচ্ছে গ্লোবাল ওয়ার্মিং চলছে! ",
  "মন খারাপ? জলদি অরিজিৎ সিং চালাও, কষ্টটা আরেকটু বাড়িয়ে নাও! ",
  "নিজেকে ভালোবাসতে শেখো, কারণ তোমার ব্যাংক ব্যালেন্স দেখে অন্য কেউ বাসবে না। ",
  "আজকের দিনটা খারাপ? চিল ব্রো, কালকেরটা আরও খারাপ হবে! ",
  "কষ্ট হচ্ছে? টানা ৩ ঘণ্টা রিলস দেখো। কষ্ট ভুলে চোখের ব্যথা মনে থাকবে! "
];

const angryBucket = [
  "লম্বা শ্বাস নাও আর টাইপ করা বিশাল প্যারাগ্রাফটা ব্যাকস্পেস দিয়ে মুছে দাও। ",
  "রাগের মাথায় ব্লক নয়, মিউট করো। সিন না করে তিলে তিলে কষ্ট দেওয়ার মজাই আলাদা! ",
  "মানসিক শান্তি জরুরি! জলদি বেস্ট ফ্রেন্ডকে কল করে আধা ঘণ্টা গালমন্দ করে নাও। ",
  "জল খেয়ে রাগ কমাও। তবে রাউটারের ওপর রাগ হলে ওটাকে জল খাইও না! ",
  "রাগ করে ফোন আছাড় মেরো না, স্ক্রিন সারাতে কিন্তু কিডনি বিক্রি করতে হবে! "
];
```

## স্টেপ ১

আপনার ডাউনলোড করা ZIP ফাইলটি আনজিপ করে VS Code-এ ওপেন করুন।

## স্টেপ ২

src ফোল্ডারের ভেতর App.jsx বা এই জাতীয় ফাইলটিতে ক্লিক করুন।

## স্টেপ ৩

একটু স্ক্রল করলেই দেখবেন এআই সেই 'ঝুড়ি' (Array) গুলো বানিয়ে রেখেছে। সেখানে বাংলা লেখাগুলো খুঁজুন।

## স্টেপ ৪

আগের লেখাগুলো মুছে ওই দুই ইনভার্টেড কমার (" ") ভেতরে আপনার নিজের লেখা জোকসগুলো বসিয়ে সেভ করুন।

### রিফাইনমেন্ট টিপস:

আপনি যদি কোড না ঘেঁটেও ডিজাইন চেঞ্জ করতে চান, তবে Google AI Studio-র চ্যাটবক্সেই বাংলায় ছোট ছোট প্রম্পট বা কমান্ড দিতে পারেন। যেমন:

"বাটনের কালারগুলো আরেকটু ব্রাইট করো।"

"ব্যাকগ্রাউন্ডে একটা সুন্দর গ্রেডিয়েন্ট কালার দাও।"

"জোকসের ফন্ট সাইজ আরেকটু বড় করো।"

এআই হাসিমুখে আপনার সব কথা শুনে কোড আপডেট করে দেবে।



## ৫.৮ এই অধ্যায় থেকে আপনি কী শিখলেন

এই ফান প্রজেক্টের মাধ্যমে আপনি আসলে প্রোগ্রামিংয়ের একটি খুব পাওয়ারফুল কনসেপ্ট শিখে ফেলেছেন—সেটি হলো 'ইভেন্ট' (Event) এবং 'স্টেট' (State)। বাটনে চাপ দিলে যে পেজের লেখা বদলে যায়, এই ইন্টারেক্টিভিটি আমরা কোনো কোড না লিখেই লজিক দিয়ে বাস্তবায়ন করলাম।

এখন আমরা প্রস্তুত আরও বড় কোনো ডায়নামিক প্রজেক্টে হাত দেওয়ার জন্য (যেখানে ডাটাবেজ থাকবে)।

**চ্যালেঞ্জ:** অধ্যায় ৪-এ শেখানো Netlify Drop ব্যবহার করে আপনার এই মুড ফিক্সার অ্যাপটি ইন্টারনেটে লাইভ করে ফেলুন। এরপর লিংকটি আপনার বন্ধুদের মেসেঞ্জারে বা হোয়াটসঅ্যাপ গ্রুপে পাঠান। দেখুন আপনার বানানো অ্যাপ দেখে তারা কতটা চমকে যায়! আর যখন পরিশিষ্টে যাবেন, দেখবেন Interactive App-এর জন্য আলাদা একটা কপি-পেস্ট রেডি সুপার প্রম্পট রাখা আছে—পরেরটা বানানোর সময় সেটা কাজে আসবে।



AI Course
Vibe Coding + No-Code Web App with AI
কোডিং না জেনেও AI দিয়ে ওয়েব অ্যাপ তৈরি করুন
এখনই শুরু করুন

# অধ্যায় ৬

## প্রজেক্ট ৪ — ডায়নামিক অ্যাপ (সোশ্যাল মিডিয়া)

## ৬.১ Static থেকে Real Dynamic App – পার্থক্য কোথায়

এবার আমরা একটু সিরিয়াস লেভেলে জাম্প নেব!

এতক্ষণ আমরা যা বানিয়েছি (পোর্টফোলিও বা ল্যান্ডিং পেইজ), সেগুলো ছিল "স্ট্যাটিক" (Static)। মানে, সেখানে শুধু কিছু তথ্য দেখানো হয়।

কিন্তু ফেসবুক বা ইনস্টাগ্রামে কি এমন হয়? না! সেখানে ইউজার লগ-ইন করে, ছবি আপলোড করে, এবং ১০ দিন পর ঢুকলেও ডেটা ঠিকই থাকে। কারণ সেগুলোর একটা 'মেমোরি' আছে।




ডায়নামিক অ্যাপ মানেই হলো—ইউজার সাইন-আপ করবে, লগ-ইন করবে, পোস্ট করবে এবং সেই সব ডেটা ডাটাবেজে সেভ হয়ে থাকবে।

## ৬.২ cPanel, PHP, MySQL – Big Picture

আমরা একদম ফেসবুকের মতো বিশাল কিছু বানাচ্ছি না। আমরা একটা মিনি সোশ্যাল মিডিয়া বানাব। এই ফুল-স্ট্যাক অ্যাপ বানাতে গেলে আমাদের ৩ জন ম্যাজিশিয়ান বা ৩টি অংশ লাগবে। চলুন রেস্টুরেন্টের ভাষায় তাদের সাথে পরিচিত হই:

### ১ Frontend (React)

এটা হলো রেস্টুরেন্টের ডাইনিং স্পেস। ইউজার এখানে লগ-ইন ফর্ম বা নিউজফিড দেখতে পাবে।

### ২ Database (MySQL)

এটা হলো আমাদের মেমোরি বা হিসাবের খাতা। কে কী স্ট্যাটাস দিল, কার পাসওয়ার্ড কী—সব এখানে সুন্দর করে টেবিল আকারে সেভ থাকবে।

### ৩ Backend (PHP)

এটা হলো ওয়েটার বা ম্যানেজার। ফ্রন্টএন্ড যখন বলবে "ভাই, রহিম লগ-ইন করতে চাচ্ছে", তখন PHP ডাটাবেজ (খাতা) খুলে চেক করবে রহিমের পাসওয়ার্ড ঠিক আছে কি না।

বিগিনারদের জন্য cPanel হোস্টিং, PHP এবং MySQL হলো সবচেয়ে প্র্যাকটিক্যাল এবং স্টেবল রুট।

## ৬.৩ আগে সিস্টেম ডিজাইন (Consultation Phase)

ফুল-স্ট্যাক প্রজেক্টে এআই-কে স্রেফ "আমাকে একটা অ্যাপ বানিয়ে দাও" বললে হবে না। কোড লেখানোর আগে দরকার কনসালটেশন বা সিস্টেম ডিজাইন। মানে আগে ম্যাপ আঁকব, তারপর বাড়ি বানাব।

ChatGPT ওপেন করে এই বাংলা প্রম্পটটি দিন। এর ফলে ChatGPT আপনার হয়ে Google AI Studio-র জন্য একটা পারফেক্ট 'মাস্টার প্রম্পট' লিখে দেবে।

```
Prompt for ChatGPT (In Bengali):

"আমি cPanel, PHP, MySQL এবং React দিয়ে
একটি বিগিনার-ফ্রেন্ডলি মিনি সোশ্যাল মিডিয়া অ্যাপ
বানাতে চাই।

ফিচার থাকবে: User Signup, Login এবং
Create Post.


Google AI Studio-র জন্য ইংরেজিতে একটি
ডিটেইলড স্টেপ-বাই-স্টেপ মাস্টার প্রম্পট লিখে দাও।
প্রম্পটে এআই-কে নির্দেশ দেবে যেন সে আমাকে
ডাটাবেজের টেবিল স্ট্রাকচার, পিএইচপি ব্যাকএন্ড কোড
এবং রিঅ্যাক্ট ফ্রন্টএন্ড কোড খুব সুন্দর ও আলাদাভাবে
দেয়।"
```

## ৬.৪ Database Setup: MySQL Database Wizard


কোড লেখার আগে আমাদের 'মেমোরি খাতা' বা ডাটাবেজ বানাতে হবে।

১. আপনার হোস্টিংয়ের cPanel-এ লগ-ইন করুন।

২. একটু নিচে স্ক্রল করে ডাটাবেজ সেকশন থেকে "**MySQL Database Wizard**" অথবা “**Database Wizard**”-এ ক্লিক করুন।





৩. এখানে ডাটাবেজের একটা নাম দিন (যেমন: lbsocial) এবং Next চাপুন।




৪. এরপর একটা ইউজারনেম (যেমন: admin) এবং পাসওয়ার্ড (যেমন: Sabbir1234) দিয়ে "Create User"-এ ক্লিক করুন।

৫. সবশেষে "All Privileges" বক্সে টিক দিয়ে 'Make Changes'-এ ক্লিক করলেই আপনার মেমোরি খাতা রেডি!




(phpMyAdmin ক্লিক করলে এমন একটি ইন্টারফেস আসবে)

## ৬.৫ মডিউলার প্রম্পটিং: এআই-কে দিয়ে ভাগে ভাগে কাজ করানো

💡 প্রো টিপস: ফুল-স্ট্যাক প্রজেক্টের ক্ষেত্রে Google AI Studio-কে একসাথে ডাটাবেজ, ব্যাকএন্ড এবং ফ্রন্টএন্ডের কোড লিখতে দিলে সে অনেক সময় খেই হারিয়ে ফেলে বা অর্ধেক লিখে থেমে যায়। সে সাধারণত আগে ফ্রন্টএন্ড বা UI বানাতে পছন্দ করে।

তাই আমাদের এখানে স্মার্ট হতে হবে। আমরা ব্যবহার করব 'মডিউলার প্রম্পটিং' (Modular Prompting) বা ভাগে ভাগে কাজ করানোর টেকনিক।

ChatGPT আপনাকে যে ইংরেজি মাস্টার প্রম্পটটি দিয়েছে, সেটা সরাসরি Google AI Studio-তে পেস্ট করুন। এআই যদি শুধু ফ্রন্টএন্ডের কোড দিয়ে থেমে যায়, তখন চ্যাটবক্সে তাকে কমান্ড দিন:

```
"Great! Now give me the PHP Backend files (config.php,
register.php, login.php) and the MySQL Database queries."
```

এভাবে ভাগে ভাগে চাইলে সে কোনো ভুল ছাড়াই আপনাকে ফ্রন্টএন্ডের সুন্দর ইউআই (UI) এবং ব্যাকএন্ডের লজিক আলাদা করে বুঝিয়ে দেবে। সে কোডের নিচে এটাও লিখে দেবে কোন ফাইলটা কোথায় রাখতে হবে। আপনাকে জাস্ট তার ইনস্ট্রাকশন ফলো করতে হবে।

💡 **স্মার্ট মুভ:** ফুল-স্ট্যাক প্রজেক্টে ভাগে ভাগে কাজ করানোর জন্য ঠিক কোন কোন কমান্ড সবচেয়ে কার্যকর—সেটা নিয়ে পরিশিষ্টে "Full-Stack Modular Commands" লিস্ট রেডি করা আছে। এখন কনসেপ্টটা বুঝুন, পরে সেই লিস্ট দেখে নিজের প্রজেক্টে লাগান।




## ৬.৬ Backend ও Frontend ফাইল বসানো (The Build Process)

এআই-এর দেওয়া কোডগুলো এখন আমাদের হোস্টিংয়ে এবং লোকাল পিসিতে সুন্দর করে সাজাতে হবে। এআই আপনাকে মূলত দুই ধরনের ফাইল দেবে: ব্যাকএন্ড (PHP) এবং ফ্রন্টএন্ড (React)।

### স্টেপ ১ ব্যাকএন্ড বা রান্নাঘর সাজানো

আপনার cPanel-এর File Manager-এ যান। public_html ফোল্ডারের ভেতর api নামে নতুন একটা ফোল্ডার তৈরি করুন। এআই আপনাকে যে PHP ফাইলগুলো দিয়েছে (যেমন: config.php, register.php), সেগুলো এখানে নতুন ফাইল বানিয়ে পেস্ট করে দিন।




## ফ্রন্টএন্ড বা ডাইনিং রেডি করা

এবার React প্রজেক্টের জিপ ফাইলটি Google AI Studio থেকে ডাউনলোড করে পিসির VS Code-এ ওপেন করুন।

টার্মিনালে গিয়ে আগের মতোই লিখুন: npm install

এরপর আমরা কোডটিকে "রান্না" করব, মানে ইন্টারনেটে পরিবেশন করার জন্য রেডি করব। টার্মিনালে কমান্ড দিন: npm run build

এই কমান্ডটি দেওয়ার পর দেখবেন আপনার ফোল্ডারে dist বা build নামে নতুন একটা ফোল্ডার তৈরি হয়েছে। এটাকে আপনি রান্না করা খাবারের মতো ভাবতে পারেন। এই dist ফোল্ডারটাই হলো পরিবেশনের জন্য রেডি ভার্সন!



## স্টেপ ৩ সব লাইভ করা

এবার ওই dist ফোল্ডারের ভেতরে থাকা সব ফাইল cPanel-এর public_html ফোল্ডারে আপলোড করে দিন। ব্যাস, কাজ শেষ!

## ৬.৭ ছোট্ট সতর্কতা: Credential Example

সতর্কতা: এই বইতে কাজের এবং শেখানোর সুবিধার্থে প্রম্পটের ভেতরে আমরা ডাটাবেজ নাম ও পাসওয়ার্ড (যেমন: Sabbir1234) সরাসরি লিখে দিয়েছি। তবে বাস্তবে, নিজের আসল প্রজেক্টে কখনোই এই কাজ করবেন না! এটি সিকিউরিটির জন্য রিস্কি। আসল প্রজেক্টে প্রম্পটের ভেতর 'Dummy Password' ব্যবহার করবেন এবং পরে নিজের ফাইলে সেই ডামি পাসওয়ার্ডের জায়গায় আসল শক্তিশালী পাসওয়ার্ড বসিয়ে নেবেন।

## ৬.৮ লাইভ Social App: ম্যানেজার মাইন্ডসেটের শুরু

যেই মুহূর্তে আপনি ফাইলগুলো আপলোড শেষ করবেন, আপনার ডোমেইন লিংকে গেলে দেখতে পাবেন আপনার নিজের বানানো মিনি সোশ্যাল মিডিয়া লাইভ হয়ে গেছে!

এখানে এসে আপনার একটা মানসিক পরিবর্তন হবে। আপনি এখন আর "টুকটাক পেজ বানানো" পর্যায়ে নেই। আপনি এখন ইউজার ফ্লো, অথেনটিকেশন (লগ-ইন) এবং ডাটাবেজ নিয়ে কাজ করছেন।



অভিনন্দন! আপনি এখন আর শুধু কোডার নন। আপনি এখন এআই এবং সার্ভারের মাঝখানের একজন আর্কিটেক্ট বা 'প্রজেক্ট ম্যানেজার'। আপনি সিস্টেম বোঝেন, আপনি জানেন কীভাবে ডাইনিংয়ের সাথে রান্নাঘরের যোগাযোগ করাতে হয় এবং এআই-কে দিয়ে ভাগে ভাগে কাজ আদায় করে নিতে হয়। এই ডাইনামিক অ্যাপ আপনার কনফিডেন্স লেভেল কয়েক ধাপ বাড়িয়ে দেবে!

# অধ্যায় ৭

## মোবাইল অ্যাপ ও PWA (ফোন যখন সুপারপাওয়ার)

## ৭.১ পিসি নেই? নো প্রবলেম

একটা শক্ত কথা বলি—অনেকেই "ল্যাপটপ নেই" এই অজুহাতে কাজ শুরুই করেন না। কিন্তু আজকের দিনে মোবাইল-ফার্স্ট লার্নিং (Mobile-first learning) একটা বাস্তবতা। ফোন এখন আর শুধু ফেসবুক স্ক্রল করার বা কনজাম্পশন (Consumption) ডিভাইস না।

অবশ্যই, বড় বড় প্রজেক্টের সবকিছু মোবাইলে করা একটু কঠিন। তবে ছোট প্রজেক্ট বানানো, প্রম্পট রিফাইন করা, প্রিভিউ দেখা, টেস্টিং এবং ফ্রিতে ডিপ্লয় করা—এই সব কাজ মোবাইল দিয়েই আরামসে করা যায়। ঠিকভাবে ব্যবহার করতে জানলে আপনার পকেটের ফোনটাই আপনার লার্নিং মেশিন এবং মিনি ডিপ্লয়মেন্ট স্টেশন!

## ৭.২ PWA কী – সহজ ভাষায়

অধ্যায় ৬-এর সোশ্যাল অ্যাপটাও মোবাইলে নেওয়া সম্ভব। তবে কনসেপ্টটা সহজে বোঝার জন্য আমরা অধ্যায় ৫-এর হালকা-পাতলা "Mood Fixer" প্রজেক্টটা দিয়েই ডেমো দেখব। আমরা দেখব কীভাবে একটা ওয়েবসাইটকে স্মার্টফোনের আসল "অ্যাপ"-এ রূপান্তর করা যায়।

PWA (Progressive Web App) মানে হলো এমন ওয়েবসাইট, যেটাকে আলাদা করে গুগল প্লে-স্টোর বা অ্যাপল স্টোর থেকে নামানোর ঝামেলায় না গিয়েও ব্রাউজার থেকে সরাসরি ফোনে অ্যাপের মতো ইন্সটল করা যায়। এর ফলে আপনি ইউজারকে একদম App-like experience দিতে পারেন।

এর পেছনে মূলত ২টা জিনিস কাজ করে:




PWA-এর দুটি মূল উপাদান

1

**manifest.json (অ্যাপের পরিচয়পত্র)**

সহজ ভাষায়, এটা হলো অ্যাপটার পরিচয়পত্র। অ্যাপের নাম কী হবে, হোমস্ক্রিনে আইকন কী বসবে, থিম কালার কী হবে এবং অ্যাপটা কীভাবে লঞ্চ হবে—সব এখানে লেখা থাকে।


2

**service-worker.js (স্মার্ট হেল্পার)**

এটা হলো এক ধরনের স্মার্ট হেল্পার। এটা আপনার অ্যাপটাকে আরও স্মুথ ফিল দেয়, দ্রুত লোড হতে সাহায্য করে এবং ইন্টারনেট না থাকলেও কিছু জিনিস অফলাইনে ধরে রাখতে বা কাজ করতে সাহায্য করে।

## ৭.৩ মোবাইলে Prompt Run, Preview, Export

চলুন, মোবাইল ব্রাউজার দিয়েই কাজ শুরু করি।




মেটা প্রম্পটিংয়ের ক্ষেত্রে আমাদের "কনসালটট্যান্ট" (ChatGPT বা Gemini)-কে নিজের ভাষায়, অর্থাৎ বাংলায় বুঝিয়ে বললে সে আপনার মনের ভাবটা সবচেয়ে ভালো ধরতে পারে। তাই আমরা তাকে বাংলায় ডিটেইলস বুঝিয়ে বলব, আর সে আমাদের হয়ে Google AI Studio-র জন্য নিখুঁত ইংরেজি প্রম্পট লিখে দেবে।

**মোবাইলে ChatGPT বা Gemini ওপেন করে তাকে এই প্রম্পটটি দিন:**

**Prompt for ChatGPT/Gemini (বাংলায়):**

"তুমি একজন এক্সপার্ট React এবং PWA (Progressive Web App) ডেভেলপার হিসেবে কাজ করো। আমি একটা সিম্পল 'Mood Fixer' ইন্টারেক্টিভ অ্যাপ বানাতে চাই, যেটা মানুষ তাদের মোবাইলে সরাসরি ইন্সটল করতে পারবে।
দয়া করে Google AI Studio-র জন্য একটা ডিটেইলড 'মাস্টার প্রম্পট' (ইংরেজিতে) লিখে দাও।
অ্যাপের রিকোয়ারমেন্ট:
১. UI ডিজাইন: সুন্দর এবং রেসপন্সিভ হবে। ৩টা মুড বাটন থাকবে: Happy 😊, Sad 😢, এবং Angry 😡 (বাংলা টেক্সটসহ)।
২. লজিক: বাটন চাপলে মুড অনুযায়ী র‍্যান্ডম বাংলা জোকস বা উক্তি দেখাবে।
৩. PWA সাপোর্ট: অ্যাপটা যেন PWA সাপোর্টেড হয়। তাই কোডের সাথে অবশ্যই manifest.json এবং বেসিক service worker যোগ করতে বলবে, যাতে ব্রাউজার থেকে সরাসরি ফোনে অ্যাপটা ইন্সটল করা যায়।
আমাকে শুধু Google AI Studio-তে পেস্ট করার জন্য ফাইনাল ইংরেজি প্রম্পটটা দাও।"

এরপর চ্যাটজিপিটি আপনাকে যে ইংরেজি প্রম্পটটি দেবে, সেটা কপি করে মোবাইলের ব্রাউজার থেকে aistudio.google.com-এ গিয়ে পেস্ট করে রান করুন।

এআই স্টুডিওর মোবাইল ভিউতেই আপনি কোড জেনারেট হতে দেখবেন এবং প্রিভিউ (Preview) ট্যাবে গিয়ে দেখতে পাবেন অ্যাপটা কেমন হয়েছে। সব ঠিক থাকলে ওপরের অপশন থেকে Export বা Download বাটনে ট্যাপ করে ZIP ফাইলটা আপনার ফোনে নামিয়ে নিন।


## ৭.৪ Netlify-তে Live করা এবং Install করা

আগে আমরা ভাবতাম মোবাইলে কোডের ফাইল হ্যান্ডেলিং বা আনজিপ করা অনেক ঝামেলার কাজ। কিন্তু মজার ব্যাপার হলো, Netlify-তে আপনার ডাউনলোড করা জিপ (ZIP) ফাইলটা আনজিপ করার কোনো দরকারই নেই! সরাসরি জিপ ফাইলটাই আপলোড করে দেওয়া যায়, শুধু জিপ ফাইলটাকে কপি করে একটা নতুন একটা খালি/ব্ল্যাঙ্ক ফোল্ডারের ভেতর রেখে দিলেই হবে। পানির মতো সোজা!

**১.** মোবাইলের ব্রাউজার থেকে app.netlify.com/drop-এ যান।

**২.** মাঝখানে থাকা 'Browse to upload' বা ফোল্ডার আইকনে ট্যাপ করে আপনার সেই ZIP ফাইলটি যে ফোল্ডারে রাখা আছে সেটি সিলেক্ট করে দিন। (আনজিপ করার কোনো ঝামেলাই নেই!)


**৩.** কয়েক সেকেন্ডের মধ্যেই ফাইল আপলোড হয়ে, বিল্ডি এবং ডেপ্লয় হয়ে আপনার অ্যাপ ইন্টারনেটে লাইভ হয়ে যাবে!



**৪.** এবার Netlify যে লাইভ লিংকটা দিয়েছে, সেটাতে ঢুকুন। এখানেই ইউজারের কাছে App-like feel আসবে। ব্রাউজারের থ্রি-ডট (⋮) মেনুতে ক্লিক করুন।


**৫.** সেখানে "Add to Home Screen" বা "Install App" নামের একটা অপশন পাবেন। সেখানে ট্যাপ করুন।

বুম! আপনার ফোনের হোম স্ক্রিনে একদম আসল অ্যাপের মতোই একটা সুন্দর আইকন চলে এসেছে। এখন আর ব্রাউজারে ঢুকে লিংক টাইপ করতে হবে না, সাধারণ অ্যাপের মতোই ক্লিক করে ওপেন করতে পারবেন। অভিজ্ঞতাটাই পুরো বদলে গেল, তাই না?



## ৭.৫ Market-Ready হওয়ার Next Step

আপনি যদি এই ভাইব কোডিং স্কিলটাকে শুধু শখের প্রজেক্ট বানানোর মধ্যে সীমাবদ্ধ না রেখে কনটেন্ট (Content), এক্সিকিউশন এবং ইউজেবল মার্কেট-রেডি (Market-ready) আউটপুটের দিকে নিয়ে যেতে চান, তাহলে আমাদের ১ মাসব্যাপী "কনটেন্ট ক্রিয়েশন উইথ এআই" লাইভ ওয়ার্কশপটি আপনার জন্য একদম ন্যাচারাল নেক্সট-স্টেপ হতে পারে।




সেখানে জেনারেটিভ এআই-কে (Generative AI) শুধু বাহাদুরি দেখানোর জন্য নয়, বরং কাজের জিনিস এবং বাস্তব প্রয়োগের দিকে নেওয়ার চর্চা করানো হয়। ভাইব কোডিংয়ের দারুণ সব রিয়েল-লাইফ ইমপ্লিমেন্টেশনও সেখানে স্বাভাবিকভাবেই এসে যায়।

সামারি: ফোন এখন আর শুধু কনজাম্পশন ডিভাইস না। ঠিকভাবে ব্যবহার করলে এটা আপনার লার্নিং মেশিন, টেস্টিং ডিভাইস এবং মিনি ডিপ্লয়মেন্ট স্টেশন!

# অধ্যায় ৮

## সিকিউরিটি ও বাগ ফিক্সিং (Bodyguard & Doctor)

## ৮.১ Bug হলে ভয় পাবেন না

সফটওয়্যার বা অ্যাপ বানাতে গেলে 'বাগ' (Bug) বা এরর আসবেই। আপনি অধ্যায় ৫-এ মুড ফিক্সার বানাচ্ছেন আর দেখলেন বাটন কাজ করছে না, কিংবা অধ্যায় ৬-এ সোশ্যাল মিডিয়াতে লগ-ইন করতে গিয়ে লাল রঙের একটা এরর খেলেন—এগুলো খুবই স্বাভাবিক।


ভাই, মনে রাখবেন, Bug মানে আপনি ফেল করেছেন—এমনটা একদমই না। Bug মানে আপনি বাস্তবে কিছু একটা বানাচ্ছেন। যেখানে কাজ আছে, সেখানে বাগ থাকবে। সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো—লাল স্ক্রিন বা এরর দেখে ভয় পেয়ে কাজ থামিয়ে না দেওয়া। ২০২৬ সালে এসে আমরা আর লাইন বাই লাইন কোড পড়ে এরর খুঁজি না, আমরা স্মার্টলি কাজ করি।

## ৮.২ দ্য ডাক্তার: Screenshot Debugging

আমাদের এআই হলো বিশ্বের সেরা ডাক্তার। কিন্তু ডাক্তারের কাছে গিয়ে শুধু "আমার শরীর খারাপ" বললে যেমন তিনি ওষুধ দিতে পারবেন না, তেমনি এআই-কে শুধু "ভাই, আমার অ্যাপ কাজ করছে না" বললে সেও আপনাকে ভালো কোনো সলিউশন দিতে পারবে না।

এআই ডাক্তারকে সঠিকভাবে সমস্যা বোঝানোর সবচেয়ে স্মার্ট উপায় হলো "Screenshot Debugging"।

- যখনই কোনো এরর খাবেন, সেটার একটা স্ক্রিনশট (Screenshot) নিন।
- কী করার সময় সমস্যাটা হয়েছে, সেটা এআই-কে বলুন।
- আপনি কী চাচ্ছিলেন (Expected) আর কী হচ্ছে (Actual)—সেটা ক্লিয়ার করে দিন।




## ৮.৩ Error Message কপি করে Prompt দেওয়ার ফর্মুলা

ধরুন, আপনি আপনার প্রজেক্ট রান করাতে গিয়ে একটা বিশাল এরর খেলেন। জাস্ট ওই এরর মেসেজটা কপি করুন এবং ChatGPT বা Gemini-কে গিয়ে নিচের এই ফর্মুলায় প্রম্পট দিন:

```
Prompt for ChatGPT/Gemini:
"I am getting this exact error while running my
project in VS Code.
Here is the error message:

[[এখানে আপনার কপি করা Error Message পেস্ট করুন]]

What I expected: The app should run smoothly on
localhost.
What is happening: After typing npm run dev, it
crashes and shows this red screen.
Please act as an Expert Developer, explain the
likely cause, and suggest the fix step-by-step.
Don't give me theories, just give me the exact
code to replace."
```




এই প্রম্পট পাওয়ার সাথে সাথে এআই ঠিক ধরে ফেলবে সমস্যাটা কোথায় এবং আপনাকে ফিক্স করা সঠিক কোডটা ধরিয়ে দেবে। আপনাকে জাস্ট আগের কোডটা মুছে নতুন কোডটা পেস্ট করে সেভ করতে হবে, অথবা যেভাবে বলছে সেটা ফলো করে আগাতে হবে!

## ৮.৪ "ঘরের দরজা খোলা রাখবেন না" – Security Mindset

এবার আসি বডিগার্ডের কথায়। সিকিউরিটি মানেই ভয় পাওয়া নয়, সিকিউরিটি মানে হলো বেসিক কমন সেন্স (Basic common sense)।



ধরুন, আপনি অধ্যায় ৬-এ চমৎকার একটা সোশ্যাল মিডিয়া বানালেন। কিন্তু আপনি কি রাতে ঘুমানোর সময় নিজের ঘরের মেইন দরজা খোলা রেখে ঘুমাতে চাইবেন? একদম না! তেমনি অ্যাপের ক্ষেত্রেও ইউজার ইনপুট, পাসওয়ার্ড বা ডাটাবেজের অ্যাক্সেস—এসব বিষয়ে বেসিক সতর্কতা দরকার।

ইন্টারনেটে দুষ্টু লোক বা হ্যাকাররা মূলত ছোট ছোট ফোকর গলে আপনার অ্যাপে ঢোকার চেষ্টা করে। তারা মূলত দুইভাবে এই কাজটা করে:

## ৮.৫ SQL Injection কী? (ভুয়া চাবি)

একদম সহজ ভাষায়—ধরুন কেউ আপনার অ্যাপের লগ-ইন ফর্মে ইউজারনেমের জায়গায় নিজের নামের বদলে এমন কিছু উল্টাপাল্টা কোড লিখে দিল, যেটা আপনার ডাটাবেজকে ধোঁকা দিয়ে ফেলল। ডাটাবেজ ভাবল, "আরে, এ তো দেখছি আসল মালিক!" এবং তাকে দরজা খুলে দিল।

এটাই হলো SQL Injection বা ভুয়া চাবি। এর থেকে বাঁচার মূল আইডিয়া হলো: ইউজার যা ইনপুট দিচ্ছে, তাকে কখনো অন্ধভাবে বিশ্বাস করবেন না।

## ৮.৬ XSS কী? (বিষাক্ত চিঠি)

XSS বা Cross-Site Scripting হলো আরেকটা ট্রিক। ধরুন, মুড ফিক্সার বা সোশ্যাল মিডিয়ার কোনো কমেন্ট বক্সে কেউ সাধারণ লেখার বদলে ক্ষতিকর কিছু জাভাস্ক্রিপ্ট (JavaScript) কোড ঢুকিয়ে দিল। অন্য কেউ যখন ওই পেজে ঢুকবে, ওই কোডটা তার ব্রাউজারে রান হয়ে যাবে এবং তার ডেটা চুরি হয়ে যেতে পারে। এটা অনেকটা খামের ভেতর বিষাক্ত চিঠি পাঠানোর মতো।

এখানেও মূল কথা একই—বাইরে থেকে যা আসছে, তা সেফ (Safe) নাও হতে পারে।

## ৮.৭ শুধু Basic Idea হিসেবে যা মাথায় রাখবেন

এসব টেকনিক্যাল টার্ম শুনে প্যানিক করার কিছু নেই! আপনাকে নিজে হাতে এগুলো ঠেকাতে হবে না। শুধু আইডিয়া হিসেবে নিচের বিষয়গুলো মাথায় রাখুন, যাতে এআই-কে কোড লেখার সময় বলতে পারেন:



## ১ Prepared Statements

এটা ব্যবহার করলে হ্যাকাররা ভুয়া চাবি (SQLi) দিয়ে আপনার ডাটাবেজে ঢুকতে পারবে না।

## ২ Input Validation & Safe Output

ইউজার ফর্মে যা লিখবে, বডিগার্ড সেটা আগে চেক করে দেখবে সেখানে কোনো ক্ষতিকর কোড বা ট্যাগ আছে কি না (XSS ঠেকানোর জন্য)।

## ৩ Password Hash

ইউজারের পাসওয়ার্ড কখনোই প্লেইন টেক্সট বা 'Sabbir1234' হিসেবে ডাটাবেজে সেভ করবেন না। এটাকে হিজিবিজি টেক্সট (যেমন: $2y$10$...) বানিয়ে সেভ করতে হয়।

## ৪ Least Privilege

দরকার ছাড়া ডাটাবেজের সব অ্যাক্সেস ওপেন করে রাখবেন না।

## ৮.৮ Safe Coding Checklist

অ্যাপ লাইভ করার আগে এই চেকলিস্টটা মিলিয়ে নিন:

- [ ] এরর দেখলে প্যানিক করব না।
- [ ] ঠিক মেসেজটা কপি করে বা স্ক্রিনশট দিয়ে এআই-কে কনটেক্সট বোঝাব।
- [ ] ইউজারের ইনপুটকে ব্লাইন্ডলি (Blindly) ট্রাস্ট করব না।
- [ ] ডাটাবেজে পাসওয়ার্ড প্লেইন টেক্সটে রাখব না।
- [ ] টেস্টিং ছাড়া প্রজেক্ট লাইভ করব না।

## ৮.৯ চ্যালেঞ্জ: এআই-কে নিজের বডিগার্ড বানান

আপনি নিজে কেন বডিগার্ড হবেন? এআই-কেই সেই দায়িত্ব দিন! প্রজেক্টের কোড জেনারেট হওয়ার পর ChatGPT বা Google AI Studio-কে জাস্ট এই প্রশ্নটা করুন:

```
"Review my app from a beginner-level security
perspective. Are there any chances of SQL
Injection or XSS attacks? Tell me the obvious
weak points I should improve first and give
me the secure code. Keep the explanation
simple and practical."
```

📌 **সামারি:** বাগ ফিক্সিং (Bug-fixing) আর সিকিউরিটি—এই দুইটা জিনিস আপনাকে ভয় দেখানোর জন্য নয়। বরং এগুলো জানলেই আপনি একজন সাধারণ ইউজার থেকে ম্যাচিউর বিল্ডার (Mature builder) হয়ে উঠবেন। নিশ্চিন্তে ঘুমান, আপনার এআই ডাক্তার আর বডিগার্ড সবসময় পাহারায় আছে!
এছাড়াও বইয়ের শেষে পরিশিষ্টে একটা রেডিমেড "Security Review Prompt" দেওয়া আছে। প্রজেক্ট লাইভ করার আগে সেটা একবার রান করুন—দেখবেন এআই নিজেই দুর্বল জায়গাগুলো ধরে দেবে।

# অধ্যায় ৯

## আর্নিং ও ফিউচার (Money Making & Long-Term Play)

## ৯.১ ভাইব কোডিং দিয়ে আয় – ফ্যান্টাসি না রিয়েলিটি?

সোজা উত্তর: রিয়েলিটি!

তবে একটা ছোট্ট শর্ত আছে। আপনি যদি মনে করেন "আজ শিখলাম, কালই ফেসবুকের মতো অ্যাপ বানিয়ে সিলিকন ভ্যালির বিলিয়নিয়ার হয়ে যাব"— তাহলে আপনি হতাশ হবেন।

আর যদি ভাবেন— "আমি ছোট, কাজের এবং বাস্তব কোনো সমস্যার সমাধান করে সার্ভিস বা প্রোডাক্ট সেল করব"—তাহলে ভাইব কোডিং আপনার জন্য দুর্দান্ত একটা লেভারেজ (Leverage)। কারণ এখানে আপনার সময়, স্কিল, এআই এবং ডিস্ট্রিবিউশন এক সাথে কাজ করে।

## ৯.২ লোকাল হিরো (ছোট Client Work দিয়ে শুরু)

শুরু করার সবচেয়ে প্র্যাকটিক্যাল রুট হলো নিজের আশেপাশের মার্কেটটা ধরা। শুরুতেই বিশাল প্রজেক্ট না খুঁজে ছোট, ম্যানেজেবল (Manageable) এবং দ্রুত ডেলিভারি দেওয়া যায় এমন কাজ খুঁজুন।

- রেস্টুরেন্টের কিউআর (QR) মেনু: আপনার এলাকার মোড়ের রেস্টুরেন্টগুলোর দিকে তাকান। এখনো কাগজের মেনু! এআই দিয়ে সুন্দর একটি মোবাইল-রেসপন্সিভ QR Menu বানিয়ে দিন। হোস্টিং তো Netlify-তে ফ্রি। দোকানদার মামার কাছ থেকে এককালীন ১,৫০০-২,০০০ টাকা চার্জ করুন।

- ক্লিনিকের অ্যাপয়েন্টমেন্ট ফর্ম: লোকাল ডাক্তার বা চেম্বারের জন্য এমন একটা পেজ বানিয়ে দিন, যেখান থেকে রোগীরা সিরিয়াল বুক করতে পারবে।

- ছোট বিজনেসের ল্যান্ডিং পেইজ: যারা ফেসবুকে পেজ খুলে পোশাক বা খাবার বেচে, তাদের জন্য একটা সুন্দর ল্যান্ডিং পেইজ বানিয়ে দিন।

এখানে কাজের পারফেকশনের চেয়ে ইউজফুলনেস (Usefulness)-টাই বেশি দামি।

## ৯.৩ টেমপ্লেট ও ডিজিটাল প্রোডাক্ট (বানাবেন একবার, বেচবেন আজীবন)

যখন আপনি ৩-৪টা একই ধরনের ক্লায়েন্টের কাজ করবেন, তখন আপনি একটা প্যাটার্ন ধরতে পারবেন। তখন আপনার সার্ভিসকে "ডিজিটাল প্রোডাক্ট"-এ রূপান্তর করতে পারবেন।

আপনি ভাইব কোডিং দিয়ে ৫-১০টি দারুণ ল্যান্ডিং পেইজ টেমপ্লেট (যেমন: জিম, ডেন্টিস্ট, কোচিং সেন্টারের জন্য) বানান। কোডগুলো জিপ (ZIP) করে ফেসবুকে ডিজিটাল প্রোডাক্ট বা বান্ডেল হিসেবে বিক্রি করুন— "মাত্র ৪৯৯ টাকায় প্রিমিয়াম টেমপ্লেট!"

আপনি কষ্ট করবেন একবার, কিন্তু এই জিপ ফাইলটা বিক্রি হবে বারবার। ১০ জন কিনলে ৫,০০০ টাকা, ১০০ জন কিনলে ৫০,০০০ টাকা!

## ৯.৪ Micro-SaaS (ছোট টুল, সাবস্ক্রিপশন ইনকাম) এবং Fake Door

Micro-SaaS মানে বিশাল কোম্পানি বানানো নয়। অনেক সময় মানুষের ছোট একটা দৈনন্দিন সমস্যার সমাধান (Pain point) করতে পারলেই রিকারিং ইনকাম (Recurring income) বা সাবস্ক্রিপশনের সুযোগ আসে। যেমন:

- সিম্পল রিমাইন্ডার টুল
- লিড অর্গানাইজার
- কন্টেন্ট প্ল্যানার ড্যাশবোর্ড বা ক্যালকুলেটর।

**প্রো টিপ (The Fake Door):** ব্যবসার একটা বড় সিক্রেট হলো—মানুষ আগে কিনতে বা আগ্রহ দেখাতে চায় কি না, সেটা দেখা (Validation)।

শুরুতেই বিশাল একটা সাবস্ক্রিপশন টুল না বানিয়ে, এআই দিয়ে একটা ল্যান্ডিং পেইজ আর ওয়েট-লিস্ট ফর্ম (Waitlist form) বানিয়ে লাইভ করে দিন। দেখুন মানুষ সেখানে ইমেইল দিয়ে সাইন-আপ করছে কি না। মার্কেট ভ্যালিডেশন পেলে তবেই মূল টুলটা বানানো শুরু করুন!



## ৯.৫ মাইন্ডসেট শিফট: চাকরির পাশাপাশি বিজনেস

শুরুতেই চাকরি ছেড়ে দিয়ে বড় স্টার্টআপের স্বপ্ন দেখার দরকার নেই। ছোট সার্ভিস, ছোট ক্যাশফ্লো, আর ছোট ভ্যালিডেশন—এই পথটাই অনেক বেশি বাস্তব। আপনি চাকরি ছাড়লেন কি ছাড়লেন না, সেটা মূল কথা না। মূল কথা হলো—আপনি কি কেবল কর্মীর মতো ভাবছেন, নাকি মালিকের (Owner) মতো ভাবতে শুরু করেছেন? ছোট শুরু মানেই ছোট স্বপ্ন নয়। ছোট শুরু মানে হলো 'স্মার্ট শুরু'।

এই ওনারশিপ মাইন্ডসেট (Ownership mindset) আরও গুছিয়ে পেতে এবং প্রফিট-মাইন্ডেড থিংকিং গ্রো করতে লার্নিং বাংলাদেশের 'চাকরির পাশাপাশি বিজনেস' বইটি আপনার ভীষণ কাজে লাগতে পারে।

## ৯.৬ Authority + Income: পার্সোনাল ব্র্যান্ড কেন কাজে লাগে?




একই টুল অনেকেই বানাতে পারবে। একই ল্যান্ডিং পেইজ অনেকেই ভাইব কোডিং দিয়ে বানিয়ে দেবে। কিন্তু মানুষ কেন আপনার কাছ থেকেই কিনবে?

এখানেই কাজ করে আপনার অথরিটি (Authority), ট্রাস্ট (Trust) আর ভিজিবল প্রেজেন্স (Visible presence)। মানুষ যদি আপনাকে চেনে, আপনার কাজের স্যাম্পল দেখে এবং আপনার কথায় ভরসা পায়—তবেই সেল সহজ হয়। কারণ আয় করাটা শুধু প্রোডাক্ট বানানোর খেলা নয়, এটা পারসেপশন (Perception) বা বিশ্বস্ততারও খেলা।

এই বিষয়টা আরও গভীরে বুঝতে এবং নিজেকে ইন্টারনেটে একটা পাওয়ারফুল, ট্রাস্টেড ব্র্যান্ড হিসেবে দাঁড় করাতে আমাদের 'AI ড্রিভেন পার্সোনাল ব্র্যান্ডীং ও অথরিটি বিল্ডিং' বইটি হতে পারে আপনার জন্য একটি পারফেক্ট কম্প্যানিয়ন।

## ৯.৭ ক্যারিয়ার হ্যাক: সিভি নয়, সলিউশন দেখান

এখন চাকরির বাজারে ইন্টারভিউ বোর্ডে গিয়ে শুধু সিভিতে "আমি হার্ড ওয়ার্কিং" লিখলে কাজ হয় না। আপনি কোম্পানিকে বলুন:

"স্যার, আপনাদের সিস্টেমে আমি এই সমস্যাটা পেয়েছি। আর আমি ভাইব কোডিং ব্যবহার করে এই ডেমো সলিউশনটা বা অ্যাপটা বানিয়ে এনেছি, দেখুন তো কাজে লাগে কি না?"

বিশ্বাস করুন, ৯০ জন ক্যান্ডিডেটের মধ্যে আপনি এমনিতেই আলাদা হয়ে যাবেন। কারণ আপনি সমস্যা নিয়ে কথা বলছেন না, আপনি সমাধান পকেটে নিয়ে ঘুরছেন!

আপনার এই ব্যক্তিগত পরিবর্তন আর 'সলিউশন মেকার' হয়ে ওঠার যে যাত্রা—এটাই আসলে আমার একটি অনেক বড় স্বপ্নের মূল ভিত্তি। আপনি যখন আপনার এই ছোট ছোট সাফল্যগুলো দিয়ে নিজের ক্যারিয়ার আর ব্যবসাকে এগিয়ে নিচ্ছেন, তখন অজান্তেই আপনি আমার একটি বৃহত্তর ভিশনের অংশ হয়ে উঠছেন।

## ৯.৮ ফিউচার ভিশন: ২০৩০ (যেখানে আপনিও আমার সহযোদ্ধা)

ভাইব কোডিং বা এআই টুলসগুলো প্রতি মাসেই আপডেট হচ্ছে। আজ যা শিখলেন, কাল হয়তো তার চেয়েও সহজ কিছু আসবে। কিন্তু মূল মন্ত্র একটাই —"থামা যাবে না।"

আমার ব্যক্তিগত ভিশন হলো ২০৩০ সালের মধ্যে ১ কোটি লার্নারকে আমাদের প্ল্যাটফর্মে যুক্ত করা। আমি চাই, আমাদের লার্নিং বাংলাদেশ (Learning Bangladesh) বা প্রিটেন্ড মাইন্ড (Pretend Mind) প্ল্যাটফর্ম থেকে আপনার মতো এমন হাজার হাজার "সলিউশন মেকার" বের হোক, যারা শুধু চাকরির পেছনে ছুটবে না, বরং নিজেরাই কর্মসংস্থান তৈরি করবে।

আমি স্বপ্ন দেখি, আমার এনিমেশন স্টুডিও 'EndingScene' এবং লার্নিং প্ল্যাটফর্ম মিলে একদিন ১০০০+ ক্রিয়েটিভ মানুষের কর্মসংস্থান হবে। এই জার্নিতে আমি একা নই, আপনারাও আমার সহযোদ্ধা।

## ৯.৯ শেষ কথা: আপনার পালা

বইটা শেষ করার আগে একটা অনুরোধ—ভয় পাবেন না। আমি যদি বিবিএ (BBA) পড়ে, মার্কেটিং ব্যাকগ্রাউন্ড থেকে এসে ৩৫ বছর বয়সে কোডিংয়ের ভয় জয় করে সফটওয়্যার বানাতে পারি, তাহলে আপনিও পারবেন।

আপনার বানানো প্রজেক্টটা পারফেক্ট হতে হবে না। ভাঙাচোরা হোক, বাগ থাকুক, কিন্তু সেটা আপনার নিজের সৃষ্টি। সেটা আমাদের লার্নিং বাংলাদেশ কমিউনিটিতে শেয়ার করুন। আমি নিজে আপনাদের প্রজেক্ট দেখব, ফিডব্যাক দেব।

মনে রাখবেন, টেকনোলজি বা এআই আপনার চাকরি খাবে না; কিন্তু যে মানুষটা এআই ব্যবহার করতে জানে, সে হয়তো আপনাকে রিপ্লেস করে দেবে। তাই আজই শুরু করুন।
আপনার পকেটে মোবাইল আছে, মাথায় আইডিয়া আছে, আর সাথে আছে এআই। আর কী লাগে?

# পরিশিষ্ট (Bonus: আপনার সিক্রেট অস্ত্র)

## ভাইব কোডিং প্রম্পটিং কন্ট্রোল সিস্টেম

কিওয়ার্ড ব্যাংক · ট্রিগার লাইন · ফলো-আপ কমান্ড · কপি-পেস্ট রেডি সুপার প্রম্পট

# পরিশিষ্ট


(Bonus: আপনার সিক্রেট অস্ত্র)

## ভাইব কোডিং প্রম্পটিং কন্ট্রোল সিস্টেম

কিওয়ার্ড ব্যাংক · ট্রিগার লাইন · ফলো-আপ কমান্ড · কপি-পেস্ট রেডি সুপার প্রম্পট

বইটা পড়ে এসেছেন, প্রজেক্ট বানিয়েছেন, হয়তো একটা-দুটো বাগও ফিক্স করে ফেলেছেন। এই পরিশিষ্ট সেই মানুষটার জন্য, যিনি এখন আউটপুটের কোয়ালিটি আরেকটু উপরে নিতে চান।

ভাইব কোডিংয়ের আসল শক্তি বেরিয়ে আসে তখনই, যখন আপনি এআই-কে 'কথা বলার সাথী' না ভেবে একজন নিয়ন্ত্রিত বিশেষজ্ঞ হিসেবে ব্যবহার করতে পারেন। বড় প্রম্পট দিলেই ভালো আউটপুট আসে—এই ধারণাটা ভুল। আসল খেলা হলো:




**মনে রাখবেন**

এআইকে impress করতে হয় না, direct করতে হয়।
Vague prompt এআইকে গল্প বলতে শেখায়, precise prompt তাকে build করতে বাধ্য করে।

## ১ হাই-সিগন্যাল কিওয়ার্ড ব্যাংক

প্রম্পটে কিছু নির্দিষ্ট শব্দ ঢুকিয়ে দিলে এআইয়ের আউটপুট হঠাৎ করেই কয়েক গুণ ভালো হয়ে যায়—এগুলোকে বলা হয় ট্রিগার ওয়ার্ড। নিচে ৮টি ক্যাটাগরিতে গুছিয়ে দেওয়া হলো।

### ক Role Triggers — এআইকে সঠিক মাথাটা পরিয়ে দিন

প্রম্পটের একদম শুরুতে এআই-কে একটা নির্দিষ্ট ভূমিকায় বসিয়ে দিলে তার পুরো আউটপুটের টোন, সিদ্ধান্ত আর এক্সপার্টিজ বদলে যায়।

| Trigger শব্দ | কখন ব্যবহার করবেন | উদাহরণ |
|---|---|---|
| **Act as** | সব ধরনের কাজে | Act as a Senior Frontend Developer. |
| **Think like** | স্ট্র্যাটেজি বা ডিজাইন কাজে | Think like a conversion-focused strategist. |
| **Assume the role of** | আর্কিটেকচার বা বড় পরিকল্পনায় | Assume the role of a Full-Stack Product Architect. |
| **You are an expert in** | সুনির্দিষ্ট টেকনিক্যাল কাজে | You are an expert in React and PWA development. |

## খ Quality Triggers — আউটপুটের মান চূড়ায় নিন

প্রম্পটের একদম শুরুতে এআই-কে একটা নির্দিষ্ট ভূমিকায় বসিয়ে দিলে তার পুরো আউটপুটের টোন, সিদ্ধান্ত আর এক্সপার্টিজ বদলে যায়।

| Trigger শব্দ | কোন কাজে লাগে |
|---|---|
| practical | সব ধরনের কাজে — সবচেয়ে বেশি ব্যবহার করবেন |
| production-ready | কোড ও ফাইল স্ট্রাকচারে |
| beginner-friendly | ডকুমেন্টেশন ও এক্সপ্লেইনেশনে |
| modular | ফুল-স্ট্যাক বা বড় প্রজেক্টে |
| polished | UI/UX ডিজাইনে |
| actionable | স্ট্র্যাটেজি বা পরামর্শে |
| implementation-ready | যখন সরাসরি ব্যবহার করবেন |

## গ Constraint Triggers — এআইকে সীমার ভেতরে রাখুন

এআই মাঝে মাঝে অনেক বেশি লিখে ফেলে বা অপ্রাসঙ্গিক কিছু যোগ করে। এই শব্দগুলো সেটা ঠেকায়।

```
No fluff · No filler · No vague advice
Do not rewrite everything · Preserve existing
logic
Only include · Avoid generic explanations ·
Keep it specific
```

**উদাহরণ:** No fluff. Keep it specific. Preserve the current design structure.

## ঘ Output Control Triggers — ঠিক যা চাই তাই পাই

| Trigger শব্দ | কখন দেবেন |
|---|---|
| Output only the final prompt | প্রম্পট জেনারেশনে — সবচেয়ে গুরুত্বপূর্ণ |
| Show only the changed code | বাগ ফিক্সে |
| Separate frontend and backend clearly | ফুল-স্ট্যাক কাজে |
| Provide file-by-file | মাল্টি-ফাইল প্রজেক্টে |
| Give final version only | রিফাইনমেন্টে |
| Format as a checklist | প্রক্রিয়া বোঝানোর কাজে |

## ঙ Design Direction Keywords — UI আরও শক্তিশালী করুন

এই শব্দগুলো প্রম্পটে ঢুকিয়ে দিলে এআই অনেক বেশি ভিজ্যুয়ালি শক্তিশালী ডিজাইন বানায়।

| ক্যাটাগরি | শব্দগুলো |
|---|---|
| ভিজ্যুয়াল লুক | modern · premium · clean · minimalist · elegant · sleek · polished UI |
| স্ট্রাকচার | card-based · strong CTA · clear visual hierarchy · scan-friendly · trust-building |
| ডিভাইস | mobile-first · fully responsive · touch-friendly |
| টোন | professional but warm · playful but clean · authoritative · simple and direct |

**উদাহরণ:** Make it modern, premium, mobile-first, and visually balanced with clear visual hierarchy.

## চ Logic & Feature Keywords — অ্যাপের আচরণ বোঝান

ফিচার বা অ্যাপের কাজ বোঝাতে এই শব্দগুলো ব্যবহার করলে এআই সাথে সাথে ধরে নেয় আপনি কী চান।

```
authentication · protected route · CRUD · form
validation
search & filter · local storage · random output
· reusable components
state management · role-based access · data
persistence · API integration
```

## ছ Debugging Keywords — বাগ-ফিক্স মোড অন করুন

| কমান্ড | কোন পরিস্থিতিতে |
|---|---|
| identify the root cause | যেকোনো এরর বা বাগে — সবার আগে এটাই দিন |
| exact minimal fix | শুধু সমস্যার জায়গাটুকু ঠিক করতে |
| preserve current design | ডিজাইন ভাঙতে না চাইলে |
| show old vs new code | কী বদলাচ্ছে সেটা বুঝতে |
| tell me where to paste | ফাইলের জায়গা ট্র্যাক করতে |
| check for logic errors | আউটপুট ভুল আসলে |

## জ Copy & Conversion Keywords — সেলস পেইজের জন্য

```
persuasive · benefit-driven · trust-building ·
strong CTA
social proof · urgency · objection handling ·
conversion-focused
problem-solution framing · outcome-focused
messaging · action-oriented language
```

## ২ ভাইব মডিফায়ার – একই আইডিয়া, আলাদা মুড

একই প্রজেক্ট আলাদা দর্শকের জন্য, আলাদা অনুভূতিতে বানাতে চাইলে এই মডিফায়ারগুলো প্রম্পটে যোগ করুন।

| ক্যাটাগরি | মডিফায়ার শব্দ |
|---|---|
| **ভিজুয়াল মুড** | premium · startup-style · dark-themed · bold and energetic · calm and elegant · colorful but balanced |
| **দর্শক মুড** | for students · for freelancers · for local shops · for creators · for Bengali-speaking users |
| **পারফরমেন্স মুড** | lightweight · fast-loading · minimal dependencies · low-clutter · optimized |
| **টোন মুড** | professional · warm · persuasive · playful · authoritative · premium but human |

## ৩ সুপার ট্রিগার লাইন – এক লাইনে শক্তিশালী কমান্ড

এই লাইনগুলো সরাসরি প্রম্পটে যোগ করুন। কাজের ধরন বুঝে বেছে নিন।

| কাজের ধরন | সুপার ট্রিগার লাইন |
|---|---|
| ভালো স্ট্র্যাটেজি | Think deeply, analyze critically, compare the strongest options, and recommend the most practical path. |
| সুন্দর ডিজাইন | Make it polished, modern, mobile-first, visually balanced, and highly readable. |
| ভালো প্রম্পট | Write a detailed but clean master prompt with clear role, context, constraints, and output instructions. |
| দ্রুত বাগ ফিক্স | Identify the root cause, explain simply, and provide the exact minimal fix without rewriting everything. |
| কোড স্ট্রাকচার | Use a modular, reusable, beginner-friendly structure with clean file organization and maintainable code. |
| জেনেরিক ঠেকাতে | Avoid generic advice. Be specific, practical, and implementation-ready. |
| রিফাইনমেন্ট | Refine the current version. Improve spacing, typography, section order, and CTA visibility without changing core logic. |

## 4 ফলো-আপ কমান্ড লাইব্রেরি – প্রথম আউটপুটের পরের খেলা

বেশিরভাগ মানুষ এআইয়ের প্রথম আউটপুটেই থেমে যায়। কিন্তু আসল জাদু হয় ফলো-আপে। ডিজাইন মোটামুটি হলে refine করুন, ফিচার কম হলে যোগ করুন।

## UI পলিশ কমান্ড

```
Make the design more premium and polished.
Improve the spacing and typography throughout.
Reduce clutter and improve readability.
Add stronger CTA visibility.
Improve section order for better visual flow.
Add subtle hover effects without overdesigning.
```

## ফিচার যোগ করার কমান্ড

```
Now add a testimonial section.
Now add a FAQ section.
Now add form validation.
Now add loading, success, and error states.
Now add a dark mode toggle.
Now add role-based access control.
Now add local storage support.
```

## কোড বোঝার কমান্ড

```
Explain this code in simple Bengali.
Tell me which file controls this section.
Show me only the code I need to change.
Refactor this into reusable components.
Separate logic and UI more clearly.
```

## ফুল-স্ট্যাক মডিউলার কমান্ড

ফুল-স্ট্যাক প্রজেক্টে একসাথে সব চাইলে এআই মাঝে মাঝে গুলিয়ে ফেলে। এই কমান্ডগুলো দিয়ে ভাগে ভাগে কাজ করান।

```
Now give me only the backend PHP files.
Now give me only the database table
queries.
Now explain where each file goes in cPanel.
Now show me the frontend build process step
by step.
Now review the login flow for common
beginner mistakes.
Now harden this flow with basic security
improvements.
```

## কপি ও কনভার্সন কমান্ড

```
Explain this code in simple Bengali.
Tell me which file controls this section.
Show me only the code I need to change.
Refactor this into reusable components.
Separate logic and UI more clearly.
```

## ৫ প্রম্পট ফর্মুলা – নিজেই প্রম্পট বানানোর শর্টকাট

যেকোনো ভালো প্রম্পটের ভেতরে এই কাঠামো থাকে। একবার মনে গেঁথে নিলে আর কাউকে জিজ্ঞেস করতে হবে না।




### মিনি ফর্মুলা (প্রম্পটে সরাসরি ব্যবহার করুন)

```
Act as [Role].
Build [What].
For [Whom].
Include [Features].
Make it [Design Direction].
Keep it [Constraints].
Output [Format].
```

### উদাহরণ (পোর্টফোলিও)

```
Act as a Senior React Developer and UI
Designer.
Build a premium Bengali landing page for
local business owners.
Include hero, benefits, testimonials, FAQ,
and a lead form.
Make it mobile-first, clean, and
conversion-focused.
Avoid generic copy. No fluff. Preserve
beginner-friendly code structure.
Output only the final Google AI Studio-
ready master prompt.
```

## ৬ প্রজেক্ট-ভিত্তিক কিওয়ার্ড ক্লাস্টার

প্রম্পট লেখার সময় সব মনে থাকে না। প্রজেক্ট অনুযায়ী সঠিক ক্লাস্টারটা কপি করে প্রম্পটে ঢুকিয়ে দিন।

| কাজের ধরন | কিওয়ার্ড ক্লাস্টার |
|---|---|
| পোর্টফোলিও | premium, clean, dark theme, modern typography, hero section, about, skills, achievements, trust-building, contact form, mobile responsive |
| ল্যান্ডিং পেইজ | conversion-focused, persuasive, CTA, hero headline, social proof, benefits, testimonials, FAQ, lead form, trust signals, mobile-first |
| ফান/ইন্টারেক্টিভ অ্যাপ | interactive, playful, random output, array-based logic, emoji buttons, centered card, colorful UI, responsive, Bengali text |
| ফুল-স্ট্যাক অ্যাপ | authentication, signup, login, feed, modular, beginner-friendly, cPanel-ready, MySQL, PHP, React, prepared statements |
| PWA মোবাইল অ্যাপ | mobile-first, app-like, installable, manifest.json, service worker, home screen icon, fast-feeling, touch-friendly |
| বাগ ফিক্স | root cause, exact fix, minimal change, preserve design, file name, replacement code, explain simply |
| সিকিউরিটি | input validation, prepared statements, password hash, safe output, least privilege, secure form handling |

## ৭ কপি-পেস্ট রেডি সুপার প্রম্পট

এগুলো সরাসরি ChatGPT বা Gemini-তে পেস্ট করুন। ব্র্যাকেটের [ ] জায়গায় নিজের তথ্য বসিয়ে দিন।

### সুপার প্রম্পট ১: পোর্টফোলিও ওয়েবসাইট

```
Act as a Senior UI/UX Designer, Frontend
Developer, and Personal Branding Strategist.

I want to build a premium personal portfolio
website.

Project Goal:
Create a modern, visually polished portfolio
that presents me as a credible professional.
Visitors should quickly understand who I am,
what I do, and how to contact me.

Target Users: Recruiters, potential clients,
and collaborators.

Design Direction:
- Modern, premium, clean
- Fully responsive and mobile-first
- Dark-themed or dark-premium feel
- Professional but warm

Required Sections:
1. Hero — name, title, photo, tagline
2. About Me
3. Skills
4. Experience / Career Timeline
5. Key Achievements
6. Selected Projects
7. Social Links
8. Contact Form
```

```
Technical Requirements:
- React + Tailwind CSS
- Modular and beginner-friendly structure
- No lorem ipsum
- Easy to edit later

Output:
Write a complete Google AI Studio-ready Master
Prompt.
Then provide a shorter refined version for
quick use.
```

## সুপার প্রম্পট ২: হাই-কনভার্টিং ল্যান্ডিং পেইজ

```
Act as a Senior Landing Page Strategist,
Conversion Copywriter, and Frontend Developer.

I want to build a high-converting landing page
for [প্রোডাক্ট বা সার্ভিসের নাম].

Main Goal: Turn visitors into leads or buyers.

Required Sections:
1. Hero — headline, subheadline, CTA button
2. Problem section
3. Solution / Offer section
4. Features / Benefits (icon-based)
5. Testimonials / Social proof
6. FAQ
7. Lead / Order form
8. Final CTA
```

```
Design Direction:
- Premium, clean, persuasive
- Conversion-focused with strong CTA visibility
- Mobile-first, scan-friendly
- Trust-building design elements

Copy Rules:
- Benefits over features
- Bengali UI copy
- Persuasive but not spammy

Technical Requirements:
- React + Tailwind CSS | Fully responsive
- The <form> MUST have data-netlify='true'
attribute
- Every input MUST have a unique name attribute

Output:
Write a detailed Google AI Studio-ready master
prompt ready for near-production use.
```

## সুপার প্রম্পট ৩: ইন্টারেক্টিভ লজিক অ্যাপ

```
Act as a Creative React Developer and
Interactive UI Designer.

App Name: Mood Fixer

Core Logic:
- Multiple mood buttons (Happy, Sad, Angry,
Tired)
- Each mood has its own array / content bucket
(min. 5 items each)
```

```
- Output can be a joke, quote, calming line, or
suggestion

UI Requirements:
- React + Tailwind CSS
- Centered card layout, colorful but balanced
- Emoji buttons with Bengali text labels
- Mobile-friendly, visually fun output area

Content Rules:
- Bengali text throughout
- Unique, non-repetitive lines per mood (min. 5
each)

Output:
Write a complete Google AI Studio-ready System
Instruction
that can generate the full app in one go.
```

## সুপার প্রম্পট ৪: ফুল-স্ট্যাক ডায়নামিক অ্যাপ

```
Act as a Full-Stack Product Architect, PHP
Developer, and Beginner-Friendly Technical
Mentor.

Project Type: Mini social media app — signup,
login, create post, feed view.

Tech Stack:
- Frontend: React + Tailwind CSS
- Backend: PHP | Database: MySQL | Hosting:
cPanel-compatible

Important: Clean, modular, and beginner-
friendly.
Do NOT dump everything in one confusing block.
```

```
Output Flow (in order):
1. System structure overview in simple language
2. MySQL database table structure
3. PHP backend files (separately)
4. React frontend files (separately)
5. File placement guide for cPanel
6. Build and deploy instructions

Code Quality:
- Clear file naming and comments
- Mention prepared statements, input
validation, password hashing

Output:
Write the final Google AI Studio-ready master
prompt.
Make it modular so I can request frontend and
backend parts separately if needed.
```

## সুপার প্রম্পট ৫: মোবাইল PWA অ্যাপ

```
Act as a Mobile-First React Developer and
Progressive Web App Specialist.

Requirements:
- Responsive mobile-first UI with app-like
interface
- Clean layout, easy tap targets, fast-
feeling experience
- Bengali UI text | React + Tailwind CSS
```

```
PWA Requirements:
- Include manifest.json with app name, theme color,
and icons
- Include a basic service worker
- Full installability support (Add to Home Screen)

Design Direction:
- Clean, friendly, lightweight, modern and touch-
friendly on small screens

Output:
Create a Google AI Studio-ready master prompt that
generates the full app
including PWA structure. Simple enough for a
beginner to deploy on Netlify.
```

## সুপার প্রম্পট ৬: বাগ ডিবাগ প্রম্পট

এরর দেখলেই এই প্রম্পটটা কপি করুন, ব্র্যাকেটের জায়গায় নিজের তথ্য বসিয়ে দিন, কাজ শেষ।

```
Act as an Expert Debugging Assistant.
I want a practical fix, not theory.

Project Context: [কোন প্রজেক্টে কাজ করছেন লিখুন]
Exact Error: [এখানে Error Message পেস্ট করুন]
What I Expected: [কী হওয়ার কথা ছিল]
What Is Happening: [আসলে কী হচ্ছে]

What I Need:
- Identify the likely root cause
- Explain it in simple Bengali
- Tell me exactly which file to open
- Show old vs new code clearly
- Keep the fix minimal — do not rewrite unrelated parts
- Preserve the current design and structure

Output: Step-by-step fix I can apply immediately.
```

## সুপার প্রম্পট ৭: সিকিউরিটি রিভিউ

```
Act as a Beginner-Friendly Web Security
Reviewer.

Review my project from a practical beginner
perspective.

Check for:
- SQL Injection risks (input handling,
database queries)
- XSS risks (form output, comment sections)
- Plain text password storage
- Weak or missing form validation
- Risky backend access patterns

Important:
- Explain in simple Bengali
- Focus only on the most critical weak
points
- Avoid scary jargon
- Show safer code version where needed
- Prioritize: fix this first, this second,
this third

Output: Clean security review checklist +
exact improvement suggestions.
```

## সুপার প্রম্পট ৮: আইডিয়া থেকে বিল্ড প্ল্যান

```
Act as a Product Architect, Prompt
Engineer, and Technical Planner.

My Idea: [বাংলায় আইডিয়া লিখুন]

Your Job:
- Clarify the target user
- Suggest the best product type (website,
app, tool)
- Break it into sections and features
- Suggest a beginner-friendly tech
direction
- Suggest the best design direction
- Turn everything into a structured Google
AI Studio-ready master prompt

Important:
- Make reasonable assumptions where needed
- No unnecessary questions
- Keep it practical for a serious vibe-
coder

Output:
1. Product concept summary
2. Feature breakdown
3. UI/UX direction
4. Tech direction
5. Final master prompt ready for Google AI
Studio
```

## ৮ ফাস্ট লঞ্চ চেকলিস্ট – লাইভ করার আগে একবার মিলিয়ে নিন




## ৯ বিগিনার মিস্টেক – যে ভুলগুলো সবাই করে

এই ভুলগুলো বেশিরভাগ মানুষ একবার করে। আপনি একটুও না করলেই লাভ।

| ভুল | কেন হয় | কীভাবে এড়াবেন |
|---|---|---|
| অস্পষ্ট প্রম্পট দেওয়া ('একটা অ্যাপ বানাও') | কী চাই সেটা নিজেই ক্লিয়ার না | আগে ChatGPT-তে ভাইব সেশন করুন, তারপর প্রম্পট লিখুন |
| প্রথম আউটপুটেই সন্তুষ্ট হওয়া | রিফাইনমেন্টের শক্তি জানা নেই | সবসময় ৩-৪টা ফলো-আপ কমান্ড দিন |
| লাইভ করার আগে টেস্ট না করা | হবে নিশ্চয়ই' মাইন্ডসেট | নিজে ফর্ম ফিলাপ করুন, বাটন চাপুন, তারপর শেয়ার করুন |
| এরর দেখে কাজ বন্ধ করা | লাল স্ক্রিন মানেই ভয় | এরর কপি করে সুপার প্রম্পট ৬ ব্যবহার করুন |
| সব একসাথে পারফেক্ট করতে চাওয়া | পারফেকশনিজম | ভাঙা হলেও লাইভ করুন, পরে ঠিক করুন |
| ডাটাবেজে প্লেইন পাসওয়ার্ড রাখা | সিকিউরিটি কনসেপ্ট জানা নেই | সবসময় password_hash() বা সমতুল্য মেথড ব্যবহার করুন |

## ১০ প্রম্পটিংয়ের তিন Golden Rule

1

**ভাসা ভাসা প্রম্পট দেবেন না**

'একটা ভালো অ্যাপ বানাও' বললে এআইও ভাসা ভাসা কিছু দেবে। আপনি যতটা ক্লিয়ার, আউটপুট ততটাই শার্প।

2

**প্রথম আউটপুট ফাউন্ডেশন, শেষ আউটপুট রিফাইনমেন্টের ফল।**
সবচেয়ে ভালো ভাইব কোডাররা ৩-৫টা ফলো-আপ রান করে।
১ রানেই ছেড়ে দেওয়া মানে টেবিলে টাকা রেখে উঠে যাওয়া।

3


**এআইকে শুধু কোড রাইটার না, থিংকিং পার্টনার হিসেবেও ব্যবহার করুন।**
কখনো প্ল্যান চাইবেন, কখনো ক্রিটিক চাইবেন, কখনো সিকিউরিটি রিভিউ চাইবেন।
একটা টুলের হাজারটা মুখ আছে — সব কাজে লাগান।

## ১১ দ্য আল্টিমেট মন্ত্র: Publish Before Perfect

সিলিকন ভ্যালিতে একটা কথা বিখ্যাত:

"If you are not embarrassed by the first version of your product, you've launched too late."

মানে হলো, প্রথম ভার্সন দেখে যদি আপনার নিজেরই একটু অস্বস্তি না লাগে, তার মানে লঞ্চ করতে অনেক দেরি করে ফেলেছেন। ভাইব কোডিং আপনাকে একটাই জিনিস শেখায়—অসম্পূর্ণ শুরু, শূন্য শুরু না করার চেয়ে অনেক ভালো।




**কুইক মেমোরি স্ট্রিপ** – কিছুই মনে না থাকলে অন্তত এটুকু মনে রাখুন:

- Act as + Specific Role
- → Step by step + No fluff
- → Practical + Production-ready

→ Mobile-first + Exact fix

→ Refine → Test → Publish

## হ্যাপি ভাইব কোডিং! 🚀

*একদিন হঠাৎ দেখবেন, আপনি আর শুধুই দর্শক নন – আপনি একজন বিল্ডার।*

আমাদের অন্যান্য ই-বুক গুলো দেখতে QR কোডটি স্ক্যান করুন




**ভাইব কোডিং - AI দিয়ে ওয়েবসাইট ও ওয়েব এপ্লিকেশন**


সম্পাদনা: আহমেদ আব্দুল্লাহ
ডিজাইন: মারিয়া রিয়া
প্রকাশনী: শেহজীন পাবলিকেশনস